

ক্যালিফোর্নিয়ায় গাঁজা খামারে অভিযান

শিশুসহ আটক ২০০ অভিবাসী

বাংলা পত্রিকা ডেস্ক: ক্যালিফোর্নিয়ার দুটি গাঁজা উৎপাদন খামারে অভিবাসন অভিযানে প্রায় ২০০ সন্দেহভাজন অনিয়মিত *৯-এর পৃষ্ঠায় দেখুন*

একযোগে স্টেট ডিপার্টমেন্টের ১৩৫০ কর্মীকে ছাঁটাই

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টে কর্মরত এক হাজার ৩৫০ জন কর্মকর্তা-কর্মচারীকে ছাঁটাই করা হয়েছে। শুক্রবার সকালে কর্মীদের কাছে ছাঁটাই নোটিশ পাঠাতে শুরু করে স্টেট ডিপার্টমেন্ট। এদিকে হঠাৎ এই সিদ্ধান্তে দপ্তরের ভেতরে চরম উৎকণ্ঠা ও অস্থিরতা ছড়িয়ে পড়ে।

দপ্তরের এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানিয়েছেন, যাঁরা ছাঁটাই হয়েছেন তাঁদের মধ্যে ১,১০৭ জন সিভিল সার্ভেন্ট এবং ২৪৬ জন ফরেন সার্ভিস অফিসার, যাঁদের পোস্টিং যুক্তরাষ্ট্রের ভেতরেই ছিল।

নোটিশে জানানো *১১-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 41 / July 14, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪১ ॥ সোমবার, জুলাই ১৪, ২০২৫, আষাঢ় ৩০, ১৪৩২ ॥ মহররম ১৮, ১৪৪৭

আইস এর অভিযানে আটক ৭০ শতাংশের নেই অপরাধ রেকর্ড

ইমিগ্রেশন ক্র্যাকডাউনে বর্ণ বৈষম্যের শিকার অভিবাসীরা

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর অভিবাসন বিরোধী নীতিতে বর্ণ ও জাতি বৈষম্যের শিকার অভিবাসীরা অনেকটা কোণঠাসা হয়ে পড়ছেন। বৈধ ডকুমেন্ট কিংবা ও অপরাধ না করেও আইস এর সন্দেহজনক বা রেন্ডম চেকিংয়ে গ্রেপ্তার হতে হচ্ছে অধিকাংশ অভিবাসন প্রত্যাশীদের। এমনকি গ্রীণকার্ডধারী ও অভিবাসী অধিকারের পক্ষে কথা বলতে গিয়ে আটক এবং হেনস্থার শিকার হচ্ছেন আমেরিকান নাগরিক জনপ্রতিনিধিরাও।

যুক্তরাষ্ট্র থেকে গ্যাং সদস্য ও ভয়ানক অপরাধী অভিবাসীদের গ্রেপ্তার এবং বিতাড়নের কথা বলা হলেও আইস এর অভিযানে আটক অভিবাসীদের ৭০ শাতাংশের কোন গুরুতর ক্রিমিনাল রেকর্ড নেই। সম্প্রতি গভর্মেন্ট তথ্যের ভিত্তিতে পরিচালিত গবেষণায় ওঠে এসেছে এমন তথ্য।



এদিকে ক্যালিফোর্নিয়া স্টেটে আইস বর্ণ, জাতি বা ভাষা শুনে সন্দেহজনকভাবে যে কাউকে আটক করতে পারবেনা, এমন স্থগিতাদেশ দিয়েছেন এক ফেডারেল বিচারক।

অ্যাসোসিয়েট প্রেস, এপির প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রে নিরাপত্তার স্বার্থে "সবচেয়ে ভয়ংকর" অপরাধীদের বিতাড়ন চালানোর ঘোষণা দিয়ে ট্রাম্প প্রশাসন অভিবাসন অভিযান চালিয়ে ব্যাপক হারে অভিবাসী ধরপাকড় চালাচ্ছে। কিন্তু আইস এর অভিযানে আটক অধিকাংশেরই অপরাধমূলক কোন রেকর্ড নেই। গত ২৯ জুন পর্যন্ত আইস এর হেফাজতে ছিলেন ৫৭ হাজার ৮৬১ জন অভিবাসী। এদের মধ্যে ৪১ হাজার ৫০০ জনের বিরুদ্ধে কোন অপরাধমূলক দণ্ড নেই। আর এর মধ্যে ১৪ হাজার জনের মামলা বিচারাধীন ও ২৭ হাজার জনের বিরুদ্ধে কোন অভিযোগও নেই।

অপরদিকে ক্যাটো ইনস্টিটিউটের তথ্য বলছে, ১ অক্টোবর ২০২৪ থেকে ২০২৫ সালের ১৪ জুন পর্যন্ত আইস যাদের আটক করেছে তাদের মধ্যে ৬৫ শতাংশেরই কোনো ফৌজদারি দণ্ড নেই। আর যাদের দণ্ড আছে, তাদের মধ্যে মাত্র ৬.৯ শতাংশ সহিংস অপরাধে যুক্ত। *১১-এর পৃষ্ঠায় দেখুন*

একাট্টা নিউইয়র্কের ধনকুবের করপোরেটরা

মামদানীকে ঠেকাতে বিলিয়ন ডলারের তহবিল!



বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে ডেমোক্র্যাটিক সোশ্যালিস্ট প্রার্থী জোহরান মামদানির বিজয় ঠেকাতে 'বিলিয়ন ডলারের অর্থনৈতিক-রাজনৈতিক প্রতিরোধ গড়ে তুলতে' একাট্টা হয়েছেন স্টেটের শীর্ষ ধনী ও করপোরেট ব্যবসায়ীরা। নিউইয়র্কের ধনকুবের ও কর্পোরেটরা অন্তত ২ কোটি ডলারের একটি প্রতিরোধ তহবিল গঠন করতে যাচ্ছেন।

ওয়াল স্ট্রিট জার্নালের এক প্রতিবেদনে বলা হয়েছে, 'নিউইয়র্কার্স ফর আ বেটার ফিউচার মেয়র ২৫' নামে নতুন একটি স্বাধীন ব্যয়ভিত্তিক গোষ্ঠী এই প্রচারণা শুরু করেছে। নির্বাচন বোর্ডে রেজিস্ট্রেশনের পর গত মঙ্গলবার থেকেই তাদের কার্যক্রম শুরু হয়েছে বলে জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ব্যবসায়ী ও রাজনৈতিক মহলের অনেকেই এই উদ্যোগে জড়িয়ে পড়েছেন। পারশিং স্কয়ারের সিইও বিল অ্যাকম্যান, সাবেক মেয়র রুডি গিলানি, বিনিয়োগকারী গ্যারি বারনেটসহ অনেকেই মিলিতভাবে মামদানিকে পরাজিত করতে কোটি কোটি ডলার ঢালার প্রস্তুতি নিচ্ছেন। আলাদা একটি গ্রুপে রুডি গিলানির *১৮-এর পৃষ্ঠায় দেখুন*

কঠোর সমালোচনার পর

মুসলিম বিদ্বেষী 'কাজল হিন্দুস্তানি'র অনুষ্ঠান থেকে নাম প্রত্যাহার মেয়র অ্যাডামসের



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের কুইন্সে হিন্দুদের আয়োজিত মুসলিম বিদ্বেষী ও কট্টোর হিন্দুত্ববাদী ভারতী বিতর্কিত বক্তা কাজল শিংগালার 'কাজল হিন্দুস্তানি'র অনুষ্ঠান থেকে কঠোর সমালোচনার মুখে অবশেষে অতিথির নাম থেকে নিজেকে প্রত্যাহার করে নিলেন সিটি মেয়র এরিক অ্যাডামস।

১৬ জুলাই ফ্রেশ মিডোজ এলাকার একটি ভারতীয় *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসীদের দ্রুত বিতাড়নের হুশিয়ারী ক্রিস্টি নোয়েমের



বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের নতুন আইন পাস হওয়ার পর অভিবাসন ইস্যুতে আরও কঠোর অবস্থান নিচ্ছে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। এখন থেকে আরো অবৈধ অভিবাসীদের ধরপাকড় ও বিতাড়ন আরো দ্রুত করতে সবরকমের প্রস্তুতি নিয়েছে ডিএইচএস।

ডিএইচএস সেক্রেটারী ক্রিস্টি নোয়েম শনিবার এক সংবাদ সম্মেলনে জানান, নতুন বাজেটের ফলে এখন তাদের হাতে পর্যাপ্ত সম্পদ রয়েছে এবং শিগগিরই আগের চেয়ে আরও দ্রুত ও শক্ত হাতে অভিবাসনবিরোধী অভিযান পরিচালনা করা হবে।

সিএনএন'র প্রতিবেদনে বলা হয়, গত সপ্তাহে "বিগ বিউটিফুল বিল" পাস হয়েছে। এই আইনের ফলে অভিবাসন এবং সীমান্ত নিরাপত্তা কার্যক্রমের জন্য আইসিই (ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট) এবং সিবিপি (কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন)-এর মতো সংস্থাগুলোর জন্য বরাদ্দ বেড়েছে উল্লেখযোগ্যভাবে। আইস পাচ্ছে প্রায় ৭৫ বিলিয়ন ডলার, যার একটি বড় অংশ ব্যয় হবে নতুন ডিটেনশন সেন্টার নির্মাণে। অন্যদিকে সীমান্ত দেয়াল নির্মাণে সিবিপিকে বরাদ্দ দেওয়া হয়েছে ৪৬ বিলিয়ন ডলার।

ফ্লোরিডার ট্যাম্পায় সংবাদ সম্মেলনে ক্রিস্টি নোয়েম বলেন, *১৮-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

প্রি-স্কুল প্রোগ্রাম সীমিতের উদ্যোগ ট্রাম্প প্রশাসনের
অনিয়মিত ৫০ হাজার অভিবাসী শিশুর ভবিষ্যৎ অনিশ্চিত
বাংলা পত্রিকা ডেস্ক: ট্রাম্প প্রশাসনের নতুন পদক্ষেপে অনিশ্চয়তার মুখে পড়েছে অভিবাসী পরিবারের প্রায় হাজারো ছোট ছোট শিশু। যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের একটি শিক্ষা সহায়ক কর্মসূচি 'প্রি-স্কুল প্রোগ্রাম-হেড স্টার্ট' থেকে বাদ পড়তে পারে বৈধতা নেই *২৮-এর পৃষ্ঠায় দেখুন*



TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
Emirates ETIHAD QATAR ARC
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ইউনাইটেড গার্ডেন বিল্ডার্স লিঃ এর পক্ষ থেকে সুদূর আমেরিকা প্রবাসী
বাংলাদেশের গর্বিত সন্তান, সম্মানিত সকল শুভানুধ্যায়ী ভাই ও
বোনদেরকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

UNITED GARDEN BUILDERS LIMITED

ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি
বাংলাদেশের অতি পুরোনো জেলা ও শিক্ষানগরী ময়মনসিংহ-এ

ফ্ল্যাট বুকিং চলছে



RS Metro Plaza
31 Basa Bari Road
Mymensingh.

River Castle
21, Kalibari Main Road,
Mymensingh.

SS North Valley
6 Ram Babu Road
Mymensingh.

BS Empire Tower
69 Ram Babu Road
Mymensingh.

বিশেষ সুবিধা সমূহঃ

- ২৪ ঘন্টা সিকিউরিটি সুবিধা
- ২টি প্যাসেঞ্জার লিফট, ১টি কার্গো লিফট
- নিজস্ব পাওয়ার সাব-স্টেশন
- নিরবিচ্ছিনড়ব গ্যাস, পানি, বিদ্যুৎ
- নিজস্ব জেনারেটর
- ৬ তলায় ফ্ল্যাট মালিকদের জন্য মসজিদ,
- লাইব্রেরী, জিমনেসিয়াম, কিডস জোন।

দীর্ঘ ২২ বছরের পরীক্ষিত ও ময়মনসিংহ অঞ্চলের আস্থার শীর্ষে অবস্থানকারী
এই ইউনাইটেড গার্ডেন বিল্ডার্স লিঃ কাজের গুনগত মান ১০০% বজায় রেখে
ভবন নির্মাণের জন্য ISO ৯০০১-২০১৫ সনদ অর্জন করেছে এবং ২০২২ সালে
REHAB মেম্বারশীপ লাভ করেছে।

UNITED GARDEN BUILDERS LTD

Corporate Office:
9, Saheb Ali Road (1st Floor), Mymensingh -2200
Hot Line: +880 1730 711 178, +880 1918 008 738,
+880 1911 046 061

Dhaka Office:
House- 01, Road- 12, Sector- 03, Uttara -1230
Cell: +880-1313879987 , +88017167616561

USA contact:



Mohamed Rafiqul Alam
Licensed Real Estate Associate Broker
(917) 640-7528
mralam00@aol.com
87-43 164th Street, Jamaica, NY 11432
(718) 291-8888
(718) 291-8866



SSNT REALTY



প্রেমের টানে ভারতে গিয়ে গ্রেপ্তার বাংলাদেশি তরুণী

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেমের টানে ভারতে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে এক বাংলাদেশি তরুণী গ্রেপ্তার হয়েছেন। তাকে অনুপ্রবেশে সহায়তা করার অভিযোগে তার প্রেমিক ভারতীয় নাগরিককেও গ্রেপ্তার করা হয়েছে। ঘটনাটি ঘটেছে ত্রিপুরার সেপাহিজলা জেলায়। অভিযুক্তরা বর্তমানে ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতে রয়েছেন।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বিএসএফ তাদের আটক করে। পরে স্থানীয় পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

গ্রেপ্তার ওই বাংলাদেশি তরুণীর নাম প্রকাশ করা হয়নি। তবে তিনি বাংলাদেশের বগুড়া জেলার বাসিন্দা বলে জানানো হয়েছে। আর তার প্রেমিকের নাম দত্ত যাদব। তিনি কর্ণাটকের বাসিন্দা।

পুলিশ জানায়, ওই বাংলাদেশি তরুণী একসময় মুম্বাইয়ের একটি বিউটি পার্লারে কাজ করতেন। পরে বেঙ্গালুরুর একটি বেসরকারি সংস্থায় যোগ দেন। এসময় কর্ণাটকের বাসিন্দা দত্ত যাদবের সঙ্গে তার প্রেমের সম্পর্ক হয়। তবে কয়েক মাস আগে ওই তরুণী আবার বাংলাদেশে চলে যায়। প্রেমিকের অনুরোধ রাখতে আবার ভারতে আসেন। তবে তার সঙ্গে পাসপোর্ট ও ভিসা ছিল না। তাই তাকে গ্রেপ্তার করা হয়। এসময় অনুপ্রবেশে সহায়তা করায় তার প্রেমিক দত্ত যাদবকেও গ্রেপ্তার করা হয়।

পুলিশ আরও জানায়, তারা ত্রিপুরা থেকে বেঙ্গালুরুতে যাওয়ার পরিকল্পনা করছিলেন। এসময় বিএসএফ তাদের আটক করে।

অভিযুক্তদের ভারতীয় পাসপোর্ট আইন এবং ১৪ ফরেনারস অ্যাক্ট ও ভারতীয় ন্যায় সংহিতার অধীন বিভিন্ন ধারায় মামলা দায়ের করা হয়েছে বলেও জানায় পুলিশ।

ত্রিপুরা রাজ্যের পুলিশের এক কর্মকর্তা জানান, ওই বাংলাদেশি তরুণীকে ভারতে অনুপ্রবেশে কোনো দালাল সহযোগিতা করেছে কি না তা খুঁজে বের করা হচ্ছে। সেটি মানব পাচারের সঙ্গে জড়িত কি না তা খতিয়ে দেখা হচ্ছে।

লাগামহীন নেতা-কর্মীরা : বিপাকে বিএনপি

বাংলা পত্রিকা ডেস্ক: নেতা-কর্মীদের অপকর্ম ও ভেতরের বিশৃঙ্খলায় এখন চাপে রয়েছে বিএনপি। দখল, চাঁদাবাজি, টেন্ডারবাজি থেকে শুরু করে সহিংসতার মতো নানা অভিযোগে দেশজুড়ে বাড়ছে ক্ষোভ। 'জিরো টলারেন্স' ঘোষণার পরও এ অবস্থা পাল্টানো যাচ্ছে না। সর্বশেষ রাজধানীর মিটফোর্ড এলাকায় দলের স্থানীয় নেতাদের হাতে ভাঙারি ব্যবসায়ী মো. সোহাগের নির্মম হত্যাকাণ্ডে বিতর্ক আরও ঘনীভূত হয়েছে। সোহাগ নিজেও যুবদলের কর্মী ছিলেন। ভিডিও ফুটেজে দেখা গেছে, পাথর দিয়ে পিটিয়ে তাঁকে হত্যা করা হয়।

এই হত্যাকাণ্ড নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নিন্দার ঝড় ওঠে। বিভিন্ন এলাকায় বিএনপির বিরুদ্ধে প্রতিবাদ মিছিল হয়। দলের ভেতরেও এই ঘটনা নিয়ে চরম অস্বস্তি বিরাজ করছে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এ বিষয়ে ভার্চুয়ালি যুক্ত হয়ে বলেন, "আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ করেছি, যাকে স্ক্রিনে দেখা যাচ্ছে, সে হত্যা করছেভতবু কেন তাকে গ্রেপ্তার করা হয়নি? তাহলে কি আমরা ধরে নেব সরকার ও প্রশাসনের কোনো অংশ এতে মদদ দিচ্ছে?" তিনি আরও বলেন, "ষড়যন্ত্র কিন্তু এখনো শেষ হয়নি। অদৃশ্য শত্রু ক্রমশ দৃশ্যমান হচ্ছে।"

অন্যদিকে বিএনপির নীতিনির্ধারকেরা এসব ঘটনার মধ্যে পরিকল্পিত ষড়যন্ত্রেরও গন্ধ পাচ্ছেন। তাঁরা এসব ঘটনাকে আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে বিএনপিকে বেকায়দায় ফেলার 'পরিকল্পিত ষড়যন্ত্র' হিসেবে দেখছেন। সরকারের বিরুদ্ধে এসব অপরাধীকে দমনে নিষ্ক্রিয়তার অভিযোগও তুলেছেন কোনো কোনো নেতা।

ব্যবসার ভাগ দিতে রাজি না হওয়ায় গত বুধবার রাজধানীর মিটফোর্ড হাসপাতালের সামনের সড়কে স্থানীয় ভাঙারি ব্যবসায়ী মো. সোহাগকে পিটিয়ে ও পাথর দিয়ে আঘাত করে নির্মমভাবে হত্যা করা হয়। গত শুক্রবার এ ঘটনার ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ-মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। নিহত সোহাগ যুবদলের কর্মী এবং হত্যায় জড়িত ব্যক্তিরাও বিএনপির লোক বলে জানা গেছে। হত্যাকাণ্ডটির লোমহর্ষক ভিডিও ছড়ানোর পর থেকে নিন্দা-প্রতিবাদের ঝড়ে টালমাটাল বিএনপি। বিভিন্ন জায়গায় বিএনপি ও দলটির শীর্ষ নেতাদের নামেও বিষোদ্গার করে মিছিল হয়েছে।

- মিটফোর্ড হত্যাকাণ্ডে সমালোচনার আগুনে ঘি।
- বন্ধ হচ্ছে না নেতা-কর্মীদের অপকর্ম।
- এ পর্যন্ত সাড়ে ৪ হাজার নেতা-কর্মীর বিরুদ্ধে ব্যবস্থা।
- পরিকল্পিত ষড়যন্ত্রের অভিযোগ শীর্ষ নেতৃত্বের।

বিএনপির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে হত্যার ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়েছে। ঘটনায় জড়িত থাকার অভিযোগে গতকাল শনিবার পর্যন্ত জাতীয়তাবাদী যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের পক্ষ থেকে পাঁচজনকে আজীবন বহিষ্কার করে তাঁদের দ্রুত গ্রেপ্তার ও আইনের আওতায় আনার আহ্বান জানানো হয়েছে।

সাড়ে ৪ হাজার নেতা-কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা

গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে হাসিনা সরকারের পতনের পর থেকেই দেশজুড়ে বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে দখল, চাঁদাবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগ উঠতে থাকে। দলীয় সূত্র বলছে, শুরু থেকেই এসবের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করে বিএনপি। সংগঠনবিরোধী কার্যকলাপের জেরে কড়া সাংগঠনিক ব্যবস্থা নেওয়া শুরু হয়, যা অব্যাহত রয়েছে। ৫ আগস্টের পর থেকে এ পর্যন্ত দলীয় শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডের অভিযোগে সারা দেশে দল এবং এর অঙ্গসংগঠনের সাড়ে ৪ হাজারের মতো নেতা-কর্মীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। বিভিন্ন ঘটনায় ছাত্রদল এখন পর্যন্ত সারা দেশে ৩২৯ জনকে বহিষ্কার ও ৫৪১ নেতা-কর্মীকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে। স্বেচ্ছাসেবক দলের কমপক্ষে ১০০ জনকে বহিষ্কার, ১০০ জনের পদ স্থগিত এবং প্রায় ২০০ জনকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এ ছাড়া যুবদলের ১৫০ নেতা-কর্মীকে বহিষ্কার, ৫৬ জনকে শোকজ এবং ৫ জনের পদ *১১-এর পৃষ্ঠায় দেখুন*

ট্যারিফ আলোচনা

সমঝোতা ছাড়াই শেষ হলো ঢাকা-ওয়াশিংটন বৈঠক

বাংলা পত্রিকা ডেস্ক: সমঝোতা বা ঐকমত্য ছাড়াই শেষ হলো শুল্ক নিয়ে ওয়াশিংটনের সঙ্গে ঢাকার দ্বিতীয় দফার ৩ দিনব্যাপী আলোচনা। ফলে বাংলাদেশি পণ্যে যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আরোপিত ৩৫ শতাংশ বর্ধিত শুল্কই বহাল থাকলো। আগামী ১ আগস্ট থেকে এটি কার্যকর হবে। একাধিক দায়িত্বশীল সরকারি সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। জানিয়েছে, নানা ইস্যুতে দরকষাকষির মধ্যেই থেমে গেছে ওয়াশিংটন আলোচনা। বৈঠকটি 'সফল' না 'ব্যর্থ' তা নিয়ে সরকারের মধ্যেই মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার অভিজ্ঞতা রয়েছে এমন এক কর্মকর্তার ভাষ্য মতে, কূটনীতিতে আলোচনা, বিতর্ক কিংবা দরকষাকষি একটি চলমান প্রক্রিয়া। নগদে এর রেজাল্ট আসে কম। যুক্তরাষ্ট্রের মতো সুপার পাওয়ারের সঙ্গে বাংলাদেশের মতো তৃতীয় বিশ্বের একটি দেশের আলোচনায় ফোকাস বা গুরুত্বটা ধরে রাখা কঠিন। বাংলাদেশ ৩ দিনের আলোচনায় যথাযথ গুরুত্ব পেয়েছে। ঢাকার প্রতিনিধিরা তাদের বক্তব্য যথা সম্ভব তুলে ধরতে সক্ষম হয়েছেন। যুক্তরাষ্ট্রের দাবি-দাওয়াকে এখনই মেনে না নিয়ে পর্যালোচনার জন্য সময় নেয় বাংলাদেশ। বিশ্ব বাণিজ্যের বিদ্যমান নীতির সঙ্গে সাংঘর্ষিক কোনো দাবি বাংলাদেশ একতরফাভাবে গ্রহণ করেনি, এটাই ওয়াশিংটন বৈঠকের সবচেয়ে বড় দিক। সংশ্লিষ্টরা বলেন- যুক্তরাষ্ট্রের সঙ্গে ইস্যু অনেক। তাই মতপার্থক্যও অনেক। তবে তিনদিনের মিটিংয়ে অধিকাংশ ক্ষেত্রেই উভয়পক্ষ কাছাকাছি পৌঁছাতে সক্ষম হয়েছে। এতে উভয়ের ছাড় দেয়ার মানসিকতার স্বাক্ষর ছিল। তবে যুক্তরাষ্ট্রে



শুল্কছাড় নিয়ে বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা

অন্য কোনো দেশের ওপর নিষেধাজ্ঞা দিলে বাংলাদেশকেও তা অনুসরণ করতে হবে আন্তর্জাতিক বাণিজ্যের এক্ষেত্রে সাংঘর্ষিক এমন কিছু শর্তে একমত হতে পারেনি ঢাকা। অমীমাংসিত বিষয়গুলো নিয়ে পরবর্তীতে ভার্চুয়াল বা ফিজিক্যাল আলোচনা অব্যাহত থাকবে বলে নিশ্চিত করেছে সেগুনবাগিচা। উল্লেখ্য, শুক্রবার শেষ হওয়া ৩ দিনের ওয়াশিংটন বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। ঢাকা থেকে ভার্চুয়ালি যুক্ত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান। সরাসরি আরও উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, অতিরিক্ত সচিব ড. নাজনীন কাওসার চৌধুরী এবং ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের চার্জ দ্য অ্যাফেয়ার্স ডিএম সালাউদ্দিন মাহমুদ। ভার্চুয়ালি যুক্ত ছিলেন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা ও বিশেষজ্ঞরা।

শুল্কছাড় নিয়ে ফের আলোচনা হবে, তবে...

এদিকে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যের শুল্কছাড় নিয়ে থেমে যাওয়া আলোচনা ফের হবে বলে জানিয়েছেন সরকারের দায়িত্বশীল প্রতিনিধিরা। তাদের মতে, যেসব বিষয় অমীমাংসিত রয়ে গেছে তা নিয়ে দুইপক্ষ আবারো আলোচনায় বসার বিষয়ে নীতিগতভাবে সম্মত হয়েছে। তবে কবে কীভাবে সেই বৈঠক বা আলোচনা হবে তা খোলাসা করেনি কোনো পক্ষই। শনিবার ওয়াশিংটন থেকে পাঠানো বাংলাদেশ দূতাবাসের এক বার্তায় বলা হয়- দ্বিতীয় দফা বাণিজ্য আলোচনার শেষদিনে আরও কিছু বিষয়ে দুইদেশ একমত হয়েছে। তবে কয়েকটি বিষয় এখনো অমীমাংসিত রয়ে গেছে। দুইপক্ষ *১১-এর পৃষ্ঠায় দেখুন*

শুদ্ধি অভিযানে বিএনপি: নজরদারিতে তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত

বাংলা পত্রিকা ডেস্ক: দলের ভেতরে শৃঙ্খলা ফিরিয়ে আনতে কঠোর অবস্থান নিয়েছে বিএনপি। দলের ভাবমূর্তি রক্ষায় এবার শুরু হয়েছে দলীয় পর্যায়ের শুদ্ধি অভিযান। সিনিয়র থেকে শুরু করে তৃণমূল সব পর্যায়ের নেতাকর্মীদের ওপর চলছে নজরদারি। অভিযোগ প্রমাণ হলেই নেওয়া হচ্ছে সাংগঠনিক ব্যবস্থা। অপরাধ করলে যে কেউ যতই গুরুত্বপূর্ণ হোক রেহাই পাবে না, এমনই বার্তা দিচ্ছে কেন্দ্রীয় হাইকমান্ড।

দলীয় সূত্রে জানা গেছে, ইতোমধ্যে সারা দেশে বিএনপি ও এর অঙ্গসংগঠনের প্রায় চার থেকে সাড়ে চার হাজার নেতাকর্মীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। দখল, চাঁদাবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতির ঘোষণা দিয়েছে দলটি। দলের ভেতর থেকেই এখন 'পরিচ্ছন্নতা অভিযান' চালিয়ে, দলে থাকা অপরাধীদের ছেঁটে ফেলার প্রস্তুতি চলছে।

এই কঠোর সিদ্ধান্তের পাশাপাশি সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া বেশ কয়েকটি হত্যাকাণ্ড ও সহিংস ঘটনার পেছনে গভীর ষড়যন্ত্র দেখছে বিএনপি। বিশেষ করে পুরান ঢাকায় ভাঙাড়ি ব্যবসায়ীকে হত্যার ঘটনাটি ঘিরে দলটির শীর্ষ নেতারা আশঙ্কা করছেন, তাদের বিরুদ্ধে নতুন করে প্রোপাগান্ডা চালানো হচ্ছে। এই ঘটনাকে ঘিরে সরকারের ভূমিকা ও আইনশৃঙ্খলা বাহিনীর নিষ্ক্রিয়তাকে দায়ী করছেন তারা।

স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন জানিয়েছেন, অপরাধ প্রমাণ হলেই তাৎক্ষণিকভাবে বহিষ্কার করা হচ্ছে, এবং ভবিষ্যতেও এই নীতি কঠোরভাবে বজায় থাকবে। তার ভাষায়, মিটফোর্ডসহ সাম্প্রতিক বিভিন্ন ঘটনার পেছনে ষড়যন্ত্র রয়েছে, যা দলের *১১-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

চাঁদাবাজ ও দখলদার প্রসঙ্গ

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দখলদার, চাঁদাবাজদের স্থান বিএনপিতে হবে না। খুব ভালো কথা। দেশের সাধারণ জনগণ দখলদার ও চাঁদাবাজবিহীন রাজনৈতিক দলই চায়। বিএনপি যদি তাদের দল থেকে এসব চাঁদাবাজ এবং দখলদারদের হটিয়ে দেয়, তাহলে তা সাধুবাদ পাওয়ার যোগ্য।

মুশকিল হলো, এ ধরনের অনুপ্রেরণাদায়ক কথাবার্তা রাজনৈতিক মহলে হরহামেশাই বলা হয়ে থাকে। এই চোখরাঙানির সঙ্গে বাস্তব পরিস্থিতির কোনো মিল থাকে না। দলের নেতৃস্থানীয় মহল যেসব কথা বলে থাকে, তা স্থানীয় পর্যায়ের অনেক মাসলম্যানই অগ্রাহ্য করে থাকেন। গত বছর আগস্ট মাসে আওয়ামী সরকারের পতনের পর থেকে দেশের বিভিন্ন জায়গায় যে দখল ও চাঁদাবাজির ঘটনাগুলো ঘটেছে, তার অনেকগুলোই বিএনপির নেতা-কর্মীদের করা। অর্থাৎ পটপরিবর্তনের পর একটি গণতান্ত্রিক শান্তিপূর্ণ দেশের যে আকাঙ্ক্ষা জন্মেছিল দেশবাসীর মনে, তা ধীরে ধীরে ক্ষীণ হয়ে আসার পেছনে এই ধরনের দখলদারত্ব আর চাঁদাবাজির প্রভাব রয়েছে। শুধু বিএনপির কথা বললেই হবে না, অনাচার তৈরি করার দিকে অন্য অনেক দলেরই 'সাফল্য' রয়েছে। ফলে মব সন্ত্রাসকেও পুরোনো বোতলে নতুন মদ হিসেবে চালিয়ে দেওয়ার চেষ্টা করছে সরকারের লোকজনই। ভয়ানক বিশৃঙ্খল মবকে প্রেশার গ্রুপ হিসেবে উল্লেখ করলে তা ইতিবাচক হয়ে যায় না। বরং এর মধ্যে ফ্রাঙ্কেনস্টাইনদের জন্ম হতে থাকে, এ কথা বুঝতে না পারলে বোকার স্বর্গে বসবাস করার বিকল্প নেই। অনৈতিক এবং বেআইনি শক্তি প্রদর্শন করার অর্থ আইনশৃঙ্খলার ভরাডুবি, এটা না বুঝলে অরাজক পরিস্থিতি সৃষ্টি হতেই থাকবে এবং তা সামাল দেওয়া একসময় কঠিন হয়ে পড়বে।

চাঁদাবাজি ও দখলদারি করার খবর বের হলে বিএনপির কেন্দ্রীয় পর্যায় থেকে বহিষ্কার করার অনেক ঘটনাই ঘটেছে। কিন্তু যে প্রশ্নটি এড়ানো যাবে না, সেটি হলো, ক্ষমতায় যাওয়ার আগেই যেভাবে বিএনপির নেতা-কর্মীরা তাঁদের দন্ত-নখর প্রসারিত করে চলেছেন, ক্ষমতায় গেলে তাঁদের অবস্থা কী হয়ে উঠতে পারে- সে কথা ভাবলেই চোখ কপালে ওঠে। ক্ষমতার খানিকটা ভাগ পেলে কত ধরনের অবাঞ্ছিত ঘটনা ঘটিয়ে ফেলা যায়, তার প্রত্যক্ষদর্শী এখন আমজনতা। দলীয় রাজনীতিতে গণতন্ত্রের প্রতি শ্রদ্ধার অভাব প্রায় সব দলেই দেখা যায়। এবং অতি দ্রুত যেকোনো দলই গ্রুপিং রাজনীতিতে সিদ্ধহস্ত হয়ে পড়ে। ক্ষমতায় গেলে সেই গ্রুপগুলো যেমন নিজেদের মধ্যে মারামারি করে, তেমনি এলাকার জনগণের জীবন অতিষ্ঠ করে তোলে। এই কথাগুলো রাজনৈতিক ধারাবাহিকতার অংশ হয়ে গেছে।

তাই ভালো ভালো কথা বলার আগে দলের সাংগঠনিক পর্যায়ে নিয়মানুবর্তিতা এবং আইনশৃঙ্খলার প্রতি শ্রদ্ধা থাকা অনেক জরুরি। সংগঠনে সেই গণতন্ত্রের চর্চা থাকলে আগবাড়িয়ে কেউ দখলদারি, চাঁদাবাজির দিকে যাবে না। বরং ভালো কাজের মাধ্যমে জনগণের হৃদয় জয় করার চেষ্টা করবে।

সেই রাজনীতির দিকেই আমজনতা তাকিয়ে আছে, কিন্তু দেশের রাজনীতিবিদেরা সে রকম সংগঠন তৈরি করতে পারবেন কি না, তা নিয়ে জনগণের সংশয় কাটছে না।



রাজনীতির রক্তাক্ত ছায়া এবং বিএনপির চ্যালেঞ্জ



বিভুরঞ্জন সরকার

রাজনীতির লক্ষ্য হওয়া উচিত জনগণের সেবা, ন্যায়ের পক্ষে অবস্থান এবং সমাজে শৃঙ্খলা ও নৈতিকতার অনুশীলন নিশ্চিত করা। কিন্তু বাংলাদেশে দিনের পর দিন রাজনৈতিক দলগুলোর কিছু অংশ যখন অপরাধ ও সহিংসতার আশ্রয় নেয়, তখন সেই রাজনীতির গ্রহণযোগ্যতা, নৈতিকতা ও কার্যকারিতা প্রশ্নের মুখে পড়ে। ৯ জুলাই মিটফোর্ড এলাকায় প্রকাশ্যে ঝুট ব্যবসায়ী মোহাম্মদ সোহাগকে নির্মমভাবে পিটিয়ে হত্যার ঘটনা দেশজুড়ে তীব্র আলোড়ন তুলেছে। এই নৃশংসতা শুধু একজন মানুষের মৃত্যু নয়, বরং বাংলাদেশের বর্তমান রাজনৈতিক বাস্তবতার এক নির্মম প্রতিচ্ছবি। ঘটনাটি রাজনৈতিকভাবে সংবেদনশীল; কারণ, এতে অভিযুক্তরা সবাই এককালের বা বর্তমানের বিএনপির অঙ্গসংগঠনের নেতা-কর্মী।

মিটফোর্ডের ঘটনাটি বিএনপির জন্য একটি বড় রাজনৈতিক ও নৈতিক চ্যালেঞ্জ তৈরি করেছে। দলটি এরই মধ্যে ঘটনার প্রতিবাদ জানিয়েছে, জড়িতদের বহিষ্কার করেছে এবং স্পষ্ট করে বলেছে যে এ ধরনের বর্বরতাকে তারা প্রশ্রয় দেয় না। কিন্তু প্রশ্ন হলো, সত্যি সত্যি বিএনপির কতটা নিয়ন্ত্রণ আছে অঙ্গসংগঠনগুলোর ওপর। যুবদল, স্বেচ্ছাসেবক দল বা ছাত্রদল-এই তিন সংগঠন বারবার সহিংসতার, দখলবাজির এবং অস্ত্রের রাজনীতির সঙ্গে জড়িত হওয়ার অভিযোগের মুখোমুখি হয়েছে। বিএনপি বরাবরই দাবি করে আসছে, তারা গণতন্ত্র ও ন্যায়বিচারের পক্ষে, কিন্তু এ ধরনের ঘটনা তাদের রাজনৈতিক অবস্থানকে প্রশ্নবিদ্ধ করে তুলছে।

মিটফোর্ডে সোহাগ হত্যাকাণ্ডের যে ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে, তাতে দেখা যায়, ইট দিয়ে মারা হচ্ছে, রক্তাক্ত দেহ টেনে-হিঁচড়ে ফেলা হচ্ছে, বুকের ওপর লাফিয়ে মারা হচ্ছে-এ দৃশ্য কেবল বর্বর নয়, এটি রাষ্ট্র, সমাজ ও রাজনৈতিক নেতৃত্ব-তিনটিরই ব্যর্থতার প্রতীক। যারা এই হত্যাকাণ্ড ঘটিয়েছে, তারা কেউ অপরিচিত নয়। তারা সক্রিয় রাজনৈতিক কর্মী, এলাকায় পরিচিত এবং রাজনৈতিক পরিচয়ের বলয়েই সাহসী হয়ে উঠেছে। এ থেকে বোঝা যায়, রাজনৈতিক ছত্রচ্ছায়ায় অপরাধীরা কেবল বেঁচে থাকে না, বরং সাহস পায়, রীতিমতো এলাকায় আধিপত্য কায়েম করে।

বিএনপি বলেছে, তারা অভিযুক্তদের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি নিয়েছে। কয়েকজনকে দল থেকে বহিষ্কার করে সেটির প্রমাণ দিতে চেয়েছে। এটি নিঃসন্দেহে ভালো একটি তাৎক্ষণিক সিদ্ধান্ত। কিন্তু এখানে প্রশ্ন হলো, এই ব্যক্তিরা যখন অপরাধপ্রবণ হয়ে উঠছিলেন, তখন দল কোথায় ছিল। একটি বড় রাজনৈতিক দল হিসেবে বিএনপির দায়িত্ব ছিল, তাদের অঙ্গসংগঠনগুলোতে রাজনৈতিক শিক্ষার পরিবেশ গড়ে তোলা, জনসম্পৃক্ত, গণতান্ত্রিক ও নৈতিক নেতৃত্ব বিকাশের সুযোগ সৃষ্টি করা। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে, অনেক ক্ষেত্রে অঙ্গসংগঠনের মাধ্যমে মূল সংগঠনের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হচ্ছে। ২০০১ থেকে ২০০৬ সালের সময়েও ছাত্রদল ও যুবদলের বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড নিয়ে প্রচুর অভিযোগ উঠেছিল। এখন যখন ক্ষমতার বাইরে বিএনপি, তখনো এমন ঘটনা ঘটছে-এটি বোঝায়, শুধু ক্ষমতা নয়, বরং রাজনীতির ভেতরে একধরনের 'চেক অ্যান্ড ব্যালেন্স' ও আদর্শিক প্রশিক্ষণের ঘাটতি আছে।

বিএনপি দীর্ঘদিন ধরে দাবি করে আসছে, তারা একটি গণতান্ত্রিক এবং বিকল্প শক্তি হিসেবে বাংলাদেশে রাজনীতি করছে। আওয়ামী লীগের বিরুদ্ধে তারা যে একনায়কতন্ত্র, দমনপীড়ন ও মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তোলে, তা অনেকাংশে সত্য এবং বাস্তবতা থেকেও উঠে আসে। কিন্তু একই সঙ্গে বিএনপিকে নিজেকে বিশ্বাসযোগ্য বিকল্প হিসেবে গড়ে তুলতে হলে তাদের নৈতিক ও সাংগঠনিক জায়গাগুলোতে দৃশ্যমান পরিবর্তন আনতে হবে।

> বিএনপি যদি বারবার সংঘবদ্ধ অপরাধে যুক্ত ব্যক্তিদের মাধ্যমে সাংগঠনিক কাঠামো গড়ে তোলে, তবে রাজনৈতিক লড়াইয়ে তারা সত্যিই দুর্বল হয়ে পড়বে। রাজনৈতিক বিরোধীরা তখন সহজে বলার সুযোগ পায়, যে বিএনপি সন্ত্রাসের দল, মাফিয়ার আশ্রয়স্থল। এত দিন এই ধরনের রাজনৈতিক প্রচার হয়তো সরকারি প্রোপাগান্ডা হিসেবে ধরা হতো, কিন্তু মিটফোর্ডের ভিডিও প্রকাশের পর সেটি বাস্তবতাও হয়ে উঠছে...

বর্তমান সময়ে বিএনপির সবচেয়ে বড় রাজনৈতিক চ্যালেঞ্জ হলো-নিজেদের শুদ্ধীকরণ, সংগঠনের ভিত্তিকে আদর্শিক শক্তি দিয়ে পুনর্গঠন এবং নেতৃত্বে এমন ব্যক্তিদের আনা, যাঁরা জনমানুষের আস্থা পাবে। বিএনপি যদি বারবার সংঘবদ্ধ অপরাধে যুক্ত ব্যক্তিদের মাধ্যমে সাংগঠনিক কাঠামো গড়ে তোলে, তবে রাজনৈতিক লড়াইয়ে তারা সত্যিই দুর্বল হয়ে পড়বে। রাজনৈতিক বিরোধীরা তখন সহজে বলার সুযোগ পায়, যে বিএনপি সন্ত্রাসের দল, মাফিয়ার আশ্রয়স্থল। এত দিন এই ধরনের রাজনৈতিক প্রচার হয়তো সরকারি প্রোপাগান্ডা হিসেবে ধরা হতো, কিন্তু মিটফোর্ডের ভিডিও প্রকাশের পর সেটি বাস্তবতাও হয়ে উঠছে।

যে সময়টিতে বাংলাদেশ একটি নতুন রাজনৈতিক সংলাপ, শান্তিপূর্ণ সহাবস্থান এবং দ্বন্দ্বহীন নির্বাচনের জন্য পথ খুঁজছে, সেই সময় বিএনপির অভ্যন্তরে এমন ধরনের সহিংসতা তাদের জন্য আত্মঘাতী। দেশের মানুষ রাজনীতি চায়, কিন্তু খুনোখুনির রাজনীতি নয়। রাজনীতি যদি জীবিকা ও সমাজসেবার বদলে প্রতিপত্তির অস্ত্র হয়ে ওঠে, তবে সেটি গণতন্ত্রকে ধ্বংস করে দেয়। বিএনপির উচিত এখনই একটি শক্ত বার্তা দেওয়া যে তাদের সংগঠন ও নেতৃত্ব মানবিকতা, ন্যায্যতা এবং জবাবদিহির আদর্শে চলবে। শুধু বহিষ্কার করলেই চলবে না, বরং এই ধরনের অপরাধ প্রতিরোধে স্থায়ী এবং কাঠামোগত পদক্ষেপ নেওয়া জরুরি।

একটি দলে কেউ অপরাধ করলে পুরো দল দোষী নয়, এ কথা সত্য। কিন্তু যখন দলীয় পরিচয়ে অপরাধীরা অপরাধ করে, তখন দলের দায় তৈরি হয়, দলীয় সংস্কৃতি প্রশ্নবিদ্ধ হয়। বিএনপির উচিত এখন এমন এক সাংগঠনিক সংস্কারপ্রক্রিয়া শুরু করা, যা কেন্দ্র থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত ছড়িয়ে যাবে। প্রত্যেক নেতা-কর্মীর রাজনৈতিক আচরণ, অর্থনৈতিক স্বচ্ছতা ও সামাজিক অবস্থান নিয়ে একটি পর্যবেক্ষণ ব্যবস্থা চালু করা প্রয়োজন।

এ ছাড়া বিএনপির নৈতিক বিশ্বাসযোগ্যতা ফেরাতে দলের নেতৃত্বে বড় ধরনের পরিবর্তনও দরকার। দীর্ঘদিন একই মুখ, একই ধারা এবং একই ধরনের প্রতিক্রিয়াশীল ভাষ্য বিএনপিকে সাধারণ মানুষের সামনে বিশ্বাসযোগ্য করে তুলবে না। জনগণ এমন একটি বিএনপি দেখতে চায়, যেটি তাদের অধিকার রক্ষায় নেতৃত্ব দেবে, কিন্তু নিজ দলের মধ্যেই অপরাধীদের আশ্রয় দেবে না।

এ মুহূর্তে দেশের রাজনৈতিক মঞ্চে বিএনপির জন্য বড় সুযোগও রয়েছে। আওয়ামী লীগ বিরোধী যে জনভিত্তি তৈরি হয়েছে, তা সংগঠিত করার জন্য একটি বিশ্বাসযোগ্য ও সুসংগঠিত বিএনপির প্রয়োজন। মিটফোর্ডের ঘটনার মতো বর্বরতা এই জনভিত্তিকে ধ্বংস করে দিতে পারে। মানুষ পরিবর্তন চায়, কিন্তু কেউই অপরাধী নেতৃত্বকে বিকল্প হিসেবে মেনে নিতে রাজি নয়। কাজেই বিএনপিকে এই অবস্থানে নিজেদের ভিন্ন প্রমাণ করতে হলে দায়িত্বশীলতা, মানবিকতা ও সংগঠনের গভীর সংস্কার ছাড়া বিকল্প নেই।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিবৃতি দিয়ে সোহাগ হত্যাকাণ্ডকে আইনশৃঙ্খলার ব্যর্থতা এবং সরকারের ব্যর্থতা হিসেবে উল্লেখ করেছেন, যা এক অর্থে সত্য। কিন্তু একটি রাজনৈতিক দল হিসেবে নিজেদের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জকেও খাটো করে দেখার সুযোগ নেই। বিএনপি যদি সত্যিই গণতান্ত্রিক শক্তি হিসেবে নিজেদের প্রমাণ করতে চায়, তাহলে নিজেদের ভেতরের রাজনীতিকে অপরাধ ও সহিংসতা থেকে মুক্ত করতেই হবে।

মিটফোর্ডের ঘটনা শুধুই বিচ্ছিন্ন হত্যা নয়; এটি একটি রাজনৈতিক বাস্তবতার গভীর সংকেত। যারা এই হত্যার সঙ্গে জড়িত, তারা দীর্ঘদিন ধরে রাজনীতির ছায়ায় অপরাধমূলক আচরণ করে এসেছে।

আসলে বাংলাদেশের রাজনীতির সবচেয়ে বড় সমস্যা হলো, দলীয় পরিচয়ে অপরাধের আশ্রয় নেওয়া এবং দলীয় দোহাই দিয়ে বিচারহীনতা উপভোগ করা। এটি শুধু বিএনপি নয়, সব দলের ক্ষেত্রে ঘটেছে। কিন্তু কেউ যদি সত্যিকার অর্থে গণতন্ত্রের ভাষ্যপট পরিবর্তন করতে চায়, তবে নিজেদের মধ্য থেকেই শুরু করতে হবে। বিএনপির এই মুহূর্তের সবচেয়ে বড় কাজ হওয়া উচিত-অভ্যন্তরীণ সংস্কার, নৈতিক নেতৃত্ব গঠন এবং অঙ্গসংগঠনের ভিত আদর্শ দিয়ে নির্মাণ করা।

রাজনীতিতে অপরাধীদের স্থান নেই-এই মন্ত্র কেবল মুখে বললে হবে না, তা প্রমাণ করতে হবে প্রতিটি পদক্ষেপে। যদি বিএনপি এই চ্যালেঞ্জ নিতে পারে, তাহলে তারা শুধু ক্ষমতার পালাবদলের নয়, বরং রাজনীতির সংস্কারক শক্তি হিসেবেও আত্মপ্রকাশ করতে পারবে। অন্যথায়, তারা হয়তো সরকারের দমনপীড়নের শিকার হবে, আবার তাদের নিজেদের কর্মীর হিংস্রতা ও অপরাধের বলিও হবে।

এখন সময়, সিদ্ধান্ত নেওয়ার। রাজনীতি কি হবে নৈতিক নেতৃত্বের প্রতিষ্ঠান, নাকি ব্যক্তিস্বার্থ ও অপরাধীর নিরাপদ আশ্রয়-বিএনপির সামনে এই প্রশ্ন এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ। এই প্রশ্নের উত্তর দিতেই হবে, কেবল কথায় নয়, কাজে প্রমাণ রেখে। সমাজ, গণতন্ত্র ও ভবিষ্যতের রাজনীতি তার জন্য অপেক্ষা করছে।



জুলাই-আগস্ট হত্যাকাণ্ড

সত্য প্রকাশ করলে ক্ষমা পাবেন সাবেক আইজিপি মামুন: ট্রাইব্যুনালের আদেশ

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাইয়ে ছাত্র-জনতার অভ্যুত্থানের সময় সারা দেশে চালানো হত্যাকাণ্ডের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে শর্ত অনুযায়ী সত্য প্রকাশ করলে ক্ষমা করা হবে বলে আদেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

শনিবার এ-সংক্রান্ত লিখিত আদেশ প্রকাশ করা হয়। এর আগে গত বৃহস্পতিবার ওই আদেশ দেন বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল।

সাবেক আইজিপির আইনজীবী যায়েদ বিন আমজাদ আজকের পত্রিকাকে বলেন, 'আদালত তাঁর (চৌধুরী আবদুল্লাহ আল-মামুন) ক্ষমার আবেদন গ্রহণ করেছেন। তিনি সবকিছু প্রকাশ করলে চূড়ান্ত রায়ে ক্ষমার বিষয়টি বিবেচনা করবেন ট্রাইব্যুনাল।'

লিখিত আদেশে বলা হয়, শেখ হাসিনা, আসাদুজ্জামান খান কামাল এবং চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের বিরুদ্ধে ১৯৭৩ সালের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের ৩(২)(এ), ৩(২)(জি), ৩(২)(এইচ), ৪(১), ৪(২), ৪(৩) ধারায় অভিযোগ গঠন করা হয়েছে। অভিযুক্ত চৌধুরী আবদুল্লাহ আল-মামুন আদালতে উপস্থিত এবং বাকি দুই আসামি পলাতক রয়েছেন। অভিযোগ গঠনের পর অভিযুক্ত চৌধুরী আবদুল্লাহ আল-

১১-এর পৃষ্ঠায় দেখুন



নিউইয়র্কে মতবিনিময় সভায় তৈমূর আলম খন্দকার

'এখন দুর্নীতিবাজ রাজনীতিবিদদের পরিণতি দেখছি'

নিউইয়র্ক: নারায়ণগঞ্জ জেলার কৃতি সন্তান ও বিশিষ্ট রাজনীতিবিদ এডভোকেট তৈমুর আলম খন্দকার বলেছেন, রাজনীতিতে সবসময় গণ মানুষের সঙ্গেই থাকবো। মানুষের ন্যায্য অধিকার আদায়ের লক্ষ্যে এবং গণতান্ত্রিক রাজনীতি প্রতিষ্ঠার জন্য লড়াই করে যাব। তিনি আরো বলেন, রাজনীতি করতে গিয়ে জেল-জুলুম ও মিথ্যা মামলার শিকার হয়েছি অনেকবার। আবার রাজনৈতিক দল থেকে কষ্টও পেয়েছি। কখনো ভুল করেছি, তবে রাজনীতি করে অবৈধ অর্থ সম্পদের মালিক হইনি। এখন দুর্নীতিবাজ রাজনীতিবিদদের পরিণতি দেখছি। আমি কিন্তু দেশের বাইরে বিনা বাধায় আসতে পেরেছি। আগামী দিনে সৎ থেকে সততার রাজনীতিতেই থাকবো।

তিনি গত ৬ জুলাই (রোববার) রাতে নিউইয়র্কে এক মত বিনিময় সভায় এ কথা বলেন। নিউইয়র্ক শহরের জ্যামাইকা এলাকার একটি রেস্টুরেন্টে মতবিনিময় সভার আয়োজন করেছিল প্রবাসী নারায়ণগঞ্জবাসী।

সভায় প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের মধ্যে বক্তব্য রাখেন কাজী আজারুল হক মিলন, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মতিউর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মহসিন ননী, অনুষ্ঠানের আয়োজক শামছুল আলম লিটন ও নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক-এর সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক ও লেখক দর্পণ কবীর।

অনুষ্ঠানে প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের পক্ষ থেকে নারায়ণগঞ্জের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরা হয়। -সংবাদ বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের চড়ুইভাতি





নিউইয়র্ক: লংআইল্যান্ডের সবুজে ঘেরা প্রাকৃতিক মনোমুগ্ধকর পরিবেশে বেলমন্ট স্টেট পার্কে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সাতাশতম বার্ষিক চড়ুইভাতি গত ৬ জুলাই রবিবার অনুষ্ঠিত হয়।

রং-বেরঙের বেলুন উড়িয়ে সংগঠনের সভাপতি বাবু তারক চন্দ্র পন্ডিত অনুষ্ঠানের শুভ সূচনা করেন। দিনব্যাপী অনুষ্ঠানে নিউ ইয়র্কসহ ট্রাই-স্টেটের কিশোরগঞ্জের তিন শতাধিক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন।

শহীদুল হাসানের পরিচালনায় ক্রীড়া প্রতিযোগিতায় বিভিন্ন পর্বে বারোটি ইভেন্টে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। ক্রীড়া পরিচালনায় সহযোগিতায় ছিলেন মো. এনামুল হক, তানভীর রায়হান মিঠু, জাহাঙ্গীর জামিল দিপু, ফয়সাল কবীর, ইবনে হিয়াম, শামীম হোসাইন, মো. মোস্তফা বিন আব্দুল্লাহ, আশরাফুল আলম হিমেল, আবদুল করীম জুয়েল, রাজন দাস ও হাবিবুর রহমান জুয়েল। খাবার পরিবেশনে ছিলেন অধ্যক্ষ মোক্তার হোসেন, হাবিব রহমান হারুন, শহীদুল হাসান, জাহাঙ্গীর জামিল দিপু, শামীম হোসাইন, মো. এনামুল হক, আনোয়ার উদ্দিন খান, মুহিবুর রশিদ সুজন ও ফয়সাল খান।

সাংস্কৃতিক পর্বে গান গেয়ে অভিভূত করেন মো. এনামুল হক, মো. আবদুর রাজ্জাক ও হাবিব রহমান হারুন। দুইটি স্বর্ণালঙ্কার সহ দশটি আকর্ষণীয় র‍্যাফেল ড্রয়ের টিকিট বিক্রির টিমে ছিলেন ইভা আনোয়ার, ডলি রাজ্জাক, তানিয়া নাজির, রিপা জাহাঙ্গীর, তঠিনী রায়হান, শিরীন কামাল ও অধ্যাপক রোকেয়া মোক্তার।

সংগঠনের সিনিয়র সহ সভাপতি হাবিবুর রহমান কামালের সভাপতিত্বে পুরস্কার বিতরণী ও র‍্যাফেল ড্রয়ের পুরস্কার বিতরণ করেন ট্রাস্টি বোর্ড সদস্য ফার্মাসিস্ট আবদুল আওয়াল সিদ্দিকী, ইঞ্জিনিয়ার মো. ফজলুল হক সাবেক ট্রাস্টি বোর্ডের সদস্য হাবিব রহমান হারুন, জাইদুল কবীর খান, সাবেক সভাপতি মো. আবদুর রাজ্জাক, মো. শহীদুল হাসান, উপদেষ্টা অধ্যক্ষ মো. মোক্তার হোসেন, নাজিম আহমেদ, মো.আনোয়ার উদ্দিন খান, ইমরুল হাসান ফেরদৌস, মো. রোকন উদ্দিন, মো. এনামুল হক, সাধারণ সম্পাদক মুহিবুর রশিদ সুজন, আহ্বায়ক তানভীর রায়হান মিঠু, সদস্য সচিব ফয়সাল খান, প্রচার সম্পাদক রাজন দাস, হক এন্ড সন্সের স্বত্বাধিকারী এ কে এম ফজলুল হক, মেডিহাবের স্বত্বাধিকারী তানিয়া ঝুমি, কালাম বাজার সুপার মার্কেটের মো. কালাম, হক মেডিকেলের ডা. সায়েরা হক প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি





তাহসিন কালামের বিবাহোত্তর সংবর্ধনা


নিউইয়র্ক: নিউইয়র্কে পরিচিতমুখ ও প্রাইম ডিজাইনের কর্ণধার এবং কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি ও উপদেষ্টা আবুল কালাম ও সালিমা কালাম দম্পতির বড় ছেলে তাহসিন কালামের এবং প্রবীণ প্রবাসী আজিজুর রহমান চৌধুরী ও রেবেকা সুলতানা চৌধুরীর কন্যা আমেনা সুলাতানার বিবাহোত্তর সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার নিউইয়র্কে ব্রঙ্কসের 'গ্রীণ ট্রি কাউন্টি ক্লাবে' এ বিবাহোত্তর সংবর্ধনায় প্রবাসী বাংলাদেশী, সাংবাদিক, কমিউনিটির নেতৃবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও ব্যবসায়ীসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে কমিউনিটির প্রায় সহস্রাধিক আমিন্ত্রত অতিথি উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের নেতৃত্বে সংগঠনের নেতৃবন্দরা, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল হোসেন খানসহ সংগঠনের নেতৃবৃন্দরা, সাবেক সচিব আব্দুর রউফ, কুলাউড়া এসোসিয়েশনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু, সাধারণ সম্পাদক মইনুর রহমান সোয়েব, উপদেষ্টা আব্দুল জলিল, নজরুল ইসলাম, সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, শাহেদ দেলওয়ার চৌধুরী, ভাটেরা এসোসিয়েশনের সাধাররণ সম্পাদক হারুনুর রশীদ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।





















পিএসজিকে বিধ্বস্ত করে বিশ্বচ্যাম্পিয়ন ক্লাব চেলসি

চেলসি ৩-০ পিএসজি



খেলা ডেস্ক: তারকায় ঠাসা, পরিসংখ্যান, শক্তিমত্তা আর সামগ্রিক ফর্মেও পার্থক্য অনেক। সব মিলিয়ে ক্লাব বিশ্বকাপের ফাইনালে চেলসিত বিপক্ষে ফুটবল পন্ডিতদের কাছে ফেভারিট ছিল প্যারিসিয়ান সেইন্ট জার্মেইকে (পিএসজি)। তবে দুর্দান্ত ফুটবলে সেই পিএসজিকে প্রথ মার্ধেই ম্যাচ থেকে ছিটকে দিল চেলসি। পুরো ম্যাচে আধিপত্য দেখিয়ে পড়ল শিরোপার মুকুট।

প্রথমার্ধ শেষে মঞ্চে পারফর্ম করেন আমেরিকান র‍্যাপার দোজা ক্যাট ও কলম্বিয়ান গায়ক জে বালভিন। নিউ জার্সির মেট লাইফ স্টেডিয়ামে এমন উৎসবেও গ্যালারিতে ৮১ হাজার দর্শকের মাঝে অনেকের মুখ ভার। কিছুক্ষণ আগে মাঠে প্রথ মার্ধে তাঁরা যা দেখেছেন, স্রেফ অবিশ্বাস্য। একই কারণে আবার গ্যালারিতে কারও কারও মুখে হাসি থামছেই না। সেই হাসির রঙ নীল, পিএসজি সমর্থকদের বুকে বিঁধেছে 'নীল' বেদনা হয়ে। চেলসির কিছু সমর্থক মাথায় হাত রেখে হাসছিলেন। ক্লাব বিশ্বকাপ ফাইনালের প্রথমার্ধে যে তাঁদের কারও কারও কল্পনাকেও হার মানিয়েছে; ইউরোপিয়ান চ্যাম্পিয়ন পিএসজির বিপক্ষে চেলসি ৩-০ গোলে এগিয়ে! সেমিফাইনালে এই পিএসজিই রিয়াল মাদ্রিদের জালে প্রথমার্ধেই ৩ গোল করেছিল। সব মিলিয়ে প্রতিপক্ষের জালে ১৬ গোলের বিপরীতে মাত্র এক গোল হজম করে উঠে এসেছিল ফাইনালে। ফাইনালে পিএসজি যেন চেলসির কাছ থেকে সেমিফাইনালেরই কার্বন-কপি 'উপহার' পেয়েছে প্রথমার্ধে। পরের অর্ধে আর গোল না হলেও পিএসজি অক্ষত থাকেনি; মাঠ ছেড়েছে ১০ জন নিয়ে, কাঁধে ৩-০ গোলে হারের বোঝা।

৮৫ মিনিটে চেলসি লেফট ব্যাক মার্ক কুকুরেল্লার চুল টেনে তাঁকে ফেলে দিয়ে লাল কার্ড দেখেন পিএসজির মিডফিল্ডার হোয়াও নেভেস। প্রথমার্ধে জোড়া গোল করেন চেলসি তারকা কোল পালমার। হোয়াও পেদ্রোকে দিয়েও গোল করান তিনি।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গিয়েছিলেন ফাইনাল দেখতে। বেশ গরমের মধ্যে পিএসজিকে শুরু থেকেই চেপে ধরে চেলসি। প্রথম ৮ মিনিটের মাথায় পালমারের হালকা বাঁকানো শট পিএসজির পোস্টকে চোখ রাঙিয়ে যায়। ২২ ও ৩০ মিনিটে পালমারের গোল দুটি প্রায় একই রকম। চেলসি রাইট ব্যাক মালো গুস্তোর শট নিতে না পেরে পালমারকে দেন। বক্সের মাথা থেকে বাঁ পায়ের নিচু শটে গোল করেন চেলসি মিডফিল্ডার। ৮ মিনিট পর সেন্টার ব্যাক লেভি কোলউইলের পাস পেয়ে ডান প্রান্ত দিয়ে দৌড়ে পিএসজির বিপদসীমায় ঢুকে পড়েন পালমার। এবারও তাঁর বাঁ পায়ের শটে পরাস্ত দোন্নারুম্মা। তবে দুটি ভালো সেভও করেছেন এই ইতালিয়ান।

পেদ্রোর ফিনিশের সামনে দোন্নারুম্মার অবশ্য কিছু করার ছিল না। পালমারের ডিফেন্স চেরা পাস দৌড়ে ধরেন চেলসির ব্রাজিলিয়ান স্ট্রাইকার। ঝুঁকে পড়া দোন্নারুম্মাকে সামনে পেয়ে তাঁর কাঁধের ওপর দিয়ে বল পাঠিয়েছেন জালে।

পিএসজি যে গোলের সুযোগ পায়নি তা নয়। চেলসি গোলকিপার রবার্ট সানচেজ মোট ৬টি সেভ করেছেন। বিরতির পর ওসমান দেম্বেলে ও খিচা কাভারাস্কাইয়ার শটে দারুণ সেভ করেন সানচেজ। প্রথমার্ধে দুই দল সমতায় থাকতে পিএসজির নেভেস ও দেজিরে দুয়েও গোলের সুযোগ নষ্ট করেন।

ম্যাচের শেষ দিকে একটু উত্তেজনায় ভুগতে দেখা যায় দুই দলকেই। বিশেষ করে ভিএআরের মাধ্যমে নেভেস লাল কার্ড দেখার পর। শেষ বাঁশি বাজার পর সেটাই সংক্রমিত হয় পিএসজি কোচ লুইস এনরিকে, দোন্নারুম্মা ও চেলসি খেলোয়াড়দের মধ্যে। ইংলিশ ক্লাবটির কয়েকজন খেলোয়াড়ের সঙ্গে কথা কাটাকাটিতে জড়িয়ে পড়েন এনরিকে ও দোন্নারুম্মা। এ সময় চেলসির পেদ্রোর কাঁধ ধরতেও দেখা গেছে পিএসজি কোচ এনরিকেকে।

এবার চ্যাম্পিয়নস লিগ, লিগ ও ফ্রেঞ্চ কাপজয়ী পিএসজির সামনে সুযোগ ছিল ক্লাব বিশ্বকাপ জিতে 'পারফেক্ট'ভাবে শেষ করার। কিন্তু প্রথমার্ধেই ম্যাচ হেরে বসায় মেজাজটা সম্ভবত পরে আর ধরে রাখতে পারেননি পিএসজির স্প্যানিশ কোচ। ২০১১ সালে পিএসজি কাতারি মালিকের অধীনে যাওয়ার পর এ পর্যন্ত তিনবার ম্যাচে প্রথমার্ধে ন্যূনতম ৩ গোলে পিছিয়ে পড়ল। লিঁও ও এঁমসের বিপক্ষে আগের দুবার জিতলেও এবার আর পারল না।

গত মে মাসে কনফারেন্স লিগ ফাইনালেও চেলসির শিরোপা জয়ে দুটি গোল করান পালমার। ক্লাব বিশ্বকাপ জিতে মৌসুম শেষ করতে পারাটা মধুর হলো তাঁর জন্য। এ মৌসুমে ৫২ ম্যাচে ১৮ গোলের পাশাপাশি ১৪ গোল করানো পালমার জয়ের পর সম্প্রচারক ডিএজেডএনকে বলেছেন, 'দারুণ লাগছে। বেশি ভালো লাগছে এই কারণে যে, ম্যাচের আগে সবাই আমাদের নিয়ে সন্দেহে ভুগেছে। আমরা এটা জানতাম, তাই এভাবে খেলতে পেরে ভালো লাগছে।'

চেলসি কোচ মারেসকার প্রশংসাও করেন পালমার, 'তিনি দারুণ পরিকল্পনা করেছেন। জানতেন (খেলার) জায়গা পাওয়া যাবে কোথায়। আমাকে যতটা সম্ভব মুক্তভাবে খেলার সুযোগ দিয়েছেন। প্রতিদানে গোল করেছি।'



ক্লাব বিশ্বকাপের মাঠে ট্রাম্প

মেটলাইফ স্টেডিয়ামে ক্লাব বিশ্বকাপের ফাইনাল। পিএসজি বনাম চেলসি; দুই ইউরোপীয় জায়ান্টের জমজমাট লড়াই দেখতে গ্যালারিতে ছিলেন এক অপ্রত্যাশিত অতিথি, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প! ফুটবলের সঙ্গে ট্রাম্পের সরাসরি সংশ্লিষ্টতা অতীতে খুব একটা দেখা যায়নি। তবে এবার ক্লাব বিশ্বকাপের চূড়ান্ত ম্যাচে উপস্থিত থাকায় চমকে দিয়েছে অনেককেই। মেটলাইফ স্টেডিয়ামই ২০২৬ সালের বিশ্বকাপ ফাইনালের ভেন্যু। ফলে ক্লাব বিশ্বকাপের ফাইনাল ম্যাচটি অনেকটাই পরীক্ষামূলক একটি আয়োজন, এমনটাই ধারণা করছেন পর্যবেক্ষকরা। অনেকের অজানা হলেও ট্রাম্পের পুত্র ব্যারন ট্রাম্প একজন নিবেদিত ফুটবলপ্রেমী। ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো সম্প্রতি জানিয়েছেন, ব্যারনের অনুরাগ থেকেই ফুটবলের প্রতি ট্রাম্পের আকর্ষণ তৈরি হয়েছে। তিনি বলেন, "একজন বাবা হিসেবে সন্তানের ভালোবাসা তার কাছেও প্রাধান্য পায়। ট্রাম্প নিজেই জানিয়েছিলেন, তার বাড়ির বাগানে ফুটবল পোস্ট ছিল।"



প্রথমবার উইম্বলডন চ্যাম্পিয়ন সিনার

বেশি না মাত্র ৩৫ দিন আগে ফ্রেঞ্চ ওপেনের ফাইনালে প্রায় সাড়ে পাঁচ ঘণ্টায় পাঁচ সেটের মহাকাব্য লিখেছিলেন দুজন। উইম্বলডনেও তেমন কিছু দেখার আশায় ছিলেন অনেকেই। কিন্তু ইয়ানিক সিনার তা হতে দেননি, চার সেটেই নিষ্পত্তি করেছেন পুরুষ একক ফাইনালের। সময়ের দুই সেরা তারকার মুখোমুখিতে প্রথম সেট জিতে কোর্টের অন্য প্রান্তে হাসে ঝরেছিল কার্লোস আলকারাজের মুখে। কিন্তু পরের তিন সেটে মুছে গেছে সিনারের দারুণ খেলায়। আলকারাজকে ৪-৬, ৬-৪, ৬-৪, ৬-৪ গেমে হারিয়ে প্রথম উইম্বলডন শিরোপা জিতলেন সিনার। ইতালিয়ান এই শীর্ষ বাছাইয়ের ক্যারিয়ারে এটি চতুর্থ গ্র্যান্ড স্লাম শিরোপা। হারে টানা তৃতীয় উইম্বলডন জয়ের সুযোগ হারালেন দ্বিতীয় বাছাই আলকারাজ।



বাংলাদেশ-পাকিস্তান ৩ টি-টোয়েন্টি

নিরাপত্তা শঙ্কার মাঝেই মে-জুনে বাংলাদেশ ক্রিকেট দল পাকিস্তানে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলেছে। যেখানে ৩-০ ব্যবধানে হোয়াইটওয়াশ হয়েছে বাংলাদেশ। ফিরতি সফরে আগামী ১৬ জুলাই পাকিস্তান জাতীয় ক্রিকেট দল বাংলাদেশে পা রাখবে। মূলত আগামী বছরের টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখেই সবচেয়ে সংক্ষিপ্ত ফরম্যাটের ক্রিকেটে মনোযোগ দুই দলের। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) টি-টোয়েন্টি সিরিজের সূচি চূড়ান্ত করেছে। আগামী ২০, ২২ ও ২৪ জুলাই তিনটি ম্যাচ অনুষ্ঠিত হবে মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে। প্রতিটি ম্যাচ শুরু হবে বাংলাদেশ সময় সন্ধ্যা ৬টা।

--খেলা ডেস্ক

সাকিব খেলাতে পারেন বিদেশে!



খেলা ডেস্ক: ঠিক সু-খবর বলা হয়তো পুরোপুরি ঠিক হবে না। তবে সাকিব আল হাসান ভক্তদের আশাবাদী হওয়ার খোরাক আছে। সারা দেশের অগণিত সাকিবপ্রেমীর জন্য খবর, বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে আবার জাতীয় দলে ফেরানোর চিন্তা-ভাবনা চলছে।

চিন্তা ভাবনা বলাও হয়ত কম বলা হলো। সাকিবকে আবার জাতীয় দলে চায় বিসিবি। সাকিব চাইলে তাকে প্রাথমিকভাবে দেশের বাইরে খেলানোর বিষয়ে নীতিগত সিদ্ধান্তও হয়ে গেছে। এ বিষয়ে সাকিবের সঙ্গে কথা বলার জন্য বিসিবির ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান এবং সাকিবের গুরু ও মেন্টর নাজমুল আবেদিন ফাহিমকে দায়িত্বও দেয়া হয়েছে। তিনি সাকিবের সাথে কথা বলে তার (সাকিবের) মতামত জেনে শ্রীলঙ্কা সফর শেষে দেশে ফিরে বোর্ডকে রিপোর্ট করবেন। সাকিব ইতিবাচক মনোভাব দেখালে বোর্ডে চূড়ান্ত কথাবার্তার পর বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল সরকারের উর্ধ্বতন মহলের সাথে কথা বলে তাকে দেশের বাইরে জাতীয় দলের হয়ে খেলার আনুষ্ঠানিক প্রস্তাব দেবেন।

বিসিবির একাধিক বোর্ড পরিচালক নিজেদের নাম প্রকাশ না করার শর্তে ওপরের তথ্য নিশ্চিত করেছেন এবং ওই পরিচালকরা অকপটে স্বীকার করেছেন মূলতঃ বর্তমান প্রেক্ষাপট, পরিবেশ ও পরিস্থিতির আলোকেই সাকিবকে আবার জাতীয় দলে ফেরানোর কথা ভাবছে বিসিবি।

তৃষ্ণার গোলে নেপালকে হারাল বাংলাদেশ



খেলা ডেস্ক: সাফ অনূর্ধ্ব-২০ নারী চ্যাম্পিয়নশিপে গতকাল রাতে রাজধানীর বসুন্ধরা কিংস অ্যারেনায় শক্তিশালী নেপালকে ৩-২ গোলে হারায় বাংলাদেশ।

সাফ অনূর্ধ্ব ২০ নারী চ্যাম্পিয়নশিপে এমনিতেই ফেভারিট বাংলাদেশ। ফেভারিটের মতোই আজও প্রথমার্ধে দুই গোলে এগিয়ে গিয়েও ম্যাচ হাতছাড়া হতে যাচ্ছিলো পিটার বাটলারের দলের। তবে তৃষ্ণা রানী তা শেষ পর্যন্ত তা হতে দেননি। আজ দুই লাল কার্ডের ম্যাচে আরেক শক্তিশালী নেপালকে রোমাঞ্চকর ম্যাচে ৩-২ গোলে হারিয়ে এগিয়ে গেল বাংলাদেশ। বিজয়ী দলের হয়ে সিনহা জাহান শিখা, মোসাম্মৎ সাগরিকা ও তৃষ্ণা রানী একটি করে গোল করেন। নেপালের পক্ষে দুই গোল শোধ দেন যথাক্রমে আনিশা ও মিনা দেউবা।

১৪ মিনিটে সিনহা জাহান শিখার গোলে এগিয়ে যায় বাংলাদেশ। এসময় মাঝ মাঠ থেকে সাগরিকা বল পেয়ে অনেকটা দৌড়ে বক্সের সামনে বাড়ান মুনকির পায়ে। এই ফরোয়ার্ড বল নিয়ে দুই ডিফেন্ডারকে কাটিয়ে গোলের জন্য শট নিলে বল গোলরক্ষকের পায়ের ফাক গোলে এগোলে তা গোললাইন থেকে ফেরান নেপালের গঙ্গা রোকায়া। ফিরতি বল অনায়াসে জালে পাঠান শিখা (১-০)। ৩৭ মিনিটে ব্যবধান দ্বিগুন করেন সাগরিকাই। শান্তি মার্ডির ক্রস পেয়ে দুই দফায় গোলরক্ষকের গায়ে মারেন শিখা, তৃতীয় দফায় সেই বল জালে পাঠান সাগরিকা (২-০)।

প্রথমার্ধের শেষ দিকে স্বপ্নাকে একা পেয়ে গিয়েছিলেন নেপালের ফরোয়ার্ড মিনা দেউবা। তার শট দারুণ ক্ষিপ্রতায় লাফিয়ে আঙুলের টোকায় কর্নার করে দলের ত্রাতা স্বর্ণা। বিরতির পর খেলা আরও জমে উঠে। আক্রমণ পাল্টা আক্রমণে চলে খেলা। এই অর্ধে গোলের পাশাপাশি লাল কার্ডও দেখেছেন সমর্থকরা। দ্বিতীয়ার্ধের শুরুতেই দারুণ সুযোগ পেয়েছিলেন সাগরিকা। গতিতে ডিফেন্ডারদের পেছনে ফেলে গোলরক্ষককে একা পেয়েছিলেন তিনি, কিন্তু বলে শেষ স্পর্শ জোরে হওয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে শটই নিতে পারেননি। ৫২ মিনিটে শিখাও নেপালের গোলরক্ষককে একা পেয়ে উড়িয়ে মেরে নষ্ট করেন আরেকটি সুযোগ। ৫৫ মিনিটে আক্রমণে ওঠা সাগরিকাকে ফাউল করেন নেপালের সিমরান, এক পর্যায়ে সাগরিকার মাথা ও চুল টেনে ধরেন তিনি। তাতে শুরুতে উত্তেজনা ছড়ায় দু'জনের মধ্যে। পরে তা ছড়িয়ে পড়ে দুই পক্ষের মধ্যেই। সাগরিকা ও সিমরান দুজনকেই লাল কার্ড দেখান রেফারি। একটু পরই আফিদা এবং বন্যাকে তুলে তৃষ্ণা রানী ও রুমা আক্তারকে নামান বাংলাদেশ কোচ পিটার জেমস বাটলার। ৭৪ মিনিটে সুযোগ আসে শিখার সামনে, কিন্তু গোলরক্ষককে একা পেয়ে দূরের পোস্ট দিয়ে তার লক্ষ্যভেদের চেষ্টা সফল হয়নি। ছুটে এসে বল ক্লিয়ার করেন আনিশা। পরের মিনিটে মিনার শট ছুটে গিয়ে আটকাতে চেষ্টা করেন স্বর্ণা, কিন্তু পারেননি। মিনার ফিরতি শট রুমা ফেরানোর আগেই তাকে পেছন থেকে ট্যাকল করে বসেন জয়নব। তাতে রেফারি বাজান পেনাল্টির বাঁশি। পেনাল্টি শটে আনিশা গোল করলে ম্যাচে ফিরে নেপাল (১-২)। শান্তি ও শিখাকে তুলে উমহেলা মারমা ও অয়ন্ত বালাকে নামান বাটলার। ৮৬ মিনিটে সমতায় ফিরে নেপাল। এসময় পূর্ণিমার আড়াআড়ি ক্রস বুটের তলার টোকায় স্বর্ণাকে পরাস্ত করেন মিনা (২-২)। ম্যাচের যোগ করা সময়ের শেষ মুহূর্তে বাংলাদেশের জয় নিশ্চিত করেন তৃষ্ণা রানী।

দারুণ এক গোলে দলের তিন পয়েন্ট নিশ্চিত করে নেপালকে স্তব্ধ করে সমর্থকদের মুখে হাসি ফোটান তৃষ্ণা (৩-২)। টানা দ্বিতীয় জয়ে শিরোপার পথে আরও এক ধাপ এগিয়ে গেল বাংলাদেশ।

‘কারাবালার ত্যাগের মহিমা কাজে লাগাতে হবে ব্যক্তি জীবনে’

শেষ পৃষ্ঠায় পর

কারবালায় যে ত্যাগের মহিমার উদাহারণ সৃষ্টি হয়েছিল এ বিয়োগাত্মক ঘটনা মুসলিম জাহানকে এখনো কাঁদিয়ে বেড়ায়। গত মঙ্গলবার (৮ জুলাই) জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে পবিত্র আশুরা উপলক্ষে আয়োজিত আলোচনা ও মিলাদে ইসলামিক স্কলাররা এসব কথা বলেন। বাদ মাগরিব আশুরা উদযাপন কমিটি, নিউইয়র্ক এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন উডসাইডের আহলে বাইয়াত মসজিদের পেশ ইমাম ড. সাইয়্যেদ মুতাওয়াক্কিল বিল্লাহ রাব্বানী। প্রধান অতিথি ছিলেন ড. সাইয়্যেদ আনসারুল করিম আল আজহারী। আলোচনায় অংশ নেন আবু হুরাইরা মসজিদের ইমাম মাওলানা ফায়েক উদ্দিন, মাওলানা অলিউল্লাহ আতিকুর রহমান, মোহাম্মদী সেন্টারের ইমাম কাজী কায়্যুম, আয়োজকদের পক্ষে বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস আহমেদ, এটর্নি মঈন চৌধুরী, কাজী সাখাওয়াত হোসেন আজম ও নুরুল আজিম।



ছবি: আশুরা সভা

অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক শাহাব উদ্দিন সাগর।

শুরুতে কেরাত পাঠ করেন সাইয়্যেদ মুনতাজির বিল্লাহ রাব্বানী। নাতে রাসুল সা. পাঠ করেন ওমর ফারুক। কমিউনিটির বিশিষ্টজনের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি দুলাল বেহেদু, ফোবানার সাবেক চেয়ারম্যান আলী ইমাম শিকদার, ফোবানা স্টিয়ারিং কমিটির মেম্বার কাজী এলিন, সৈয়দ এনায়েত ও ফরহাদ খন্দকার, ব্যবসায়ী রফিকুল হক টিটো প্রমুখ।


আলোচনায় বক্তারা বলেন, আশুরা মুসলিম উম্মাহর নিকট এক বিশেষ তাৎপর্যপূর্ণ ও শোকাবহ দিবস রূপে পরিগণিত। এর প্রধান কারণ এই যে, এই দিন কারবালার প্রান্তরে মহানবী হযরত মুহম্মদ (স.)-এর দৌহিত্র হযরত ইমাম হুসাইন (রা.) স্বীয় পরিবারবর্গ ও কতিপয় সঙ্গী সহকারে শাহাদত বরণ করেছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় তারা যেই আত্মত্যাগ প্রদর্শন করেছিলেন, তা মুসলিম জাতির ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা। এটা ছাড়াও, আশুরার দিন বহু গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা।

গিয়াস আহমেদ বলেন, শান্তি ও সম্প্রীতির ধর্ম ইসলামের মহান আদর্শকে সমুন্নত রাখতে হযরত ইমাম হোসেন (রা.)-এর আত্মত্যাগ মানবতার ইতিহাসে সমুজ্জ্বল হয়ে আছে। কারবালার এই শোকাবহ ঘটনা অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হতে অনুপ্রেরণা জোগায়। সত্য ও সুন্দরের পথে চলার প্রেরণা জোগায়। তিনি বলেন, পবিত্র আশুরা জুলুম ও অবিচারের বিপরীতে সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় মানবজাতিকে শক্তি ও সাহস জোগাবে। -প্রেস বিজ্ঞপ্তি।





ওজনপার্ক ও ক্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতিত্বের এডিনবার্গ অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নার্স পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Cross St & Foribell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্টাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

ব্যবসায়ী সোহাগ হত্যাকান্ডে যুক্তরাষ্ট্রে দুই বিএনপি নেতার প্রতিক্রিয়া

শহীদ জিয়ার আদর্শের বিএনপির রাজনীতি প্রতিষ্ঠান আহ্বান

নিউইয়র্ক: রাজধানী ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে পৈশাচিকভাবে হত্যার শিকার হন ভাঙারি পণ্যের ব্যবসায়ী লালচাঁদ সোহাগ (৩৯) এই ঘটনায় বিএনপি'র অঙ্গ সংগঠন জাতীয়তাবাদী যুবদলের নেতা-কর্মী জড়িত থাকায় চরম বিব্রতকর অবস্থায় পড়েছে বিএনপি। নৃশংসভাবে হত্যার ঘটনায় এবং এই ঘটনার সাথে যুবদলের নেতাকর্মীরা জড়িত থাকার ঘটনায় গভীর উদ্বেগ, তীব্র নিন্দা ও ঘৃণা প্রকাশ করে যুক্তরাষ্ট্র বিএনপির নেতারা যদিও মূল অভিযুক্তদের বিরুদ্ধে কেন্দ্রীয় যুবদল তাৎক্ষনিক ব্যবস্থা নিয়ে দুই নেতাকে আজীবন যুবদল থেকে বহিষ্কার করেছে। বিএনপি মহাসচিব ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমুলক আইনী ব্যবস্থা নেযার দাবী জানিয়েছেন। পুলিশ এই ঘটনায় ২জনকে গ্রেফতার করেছে।

উল্লেখ্য, গত ৯ জুলাই বুধবার সন্ধ্যায় রাজধানীর পুরান ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও হাসপাতালের তিন নম্বর গেটের সামনে পাকা রাস্তার ওপর একদল লোক লাল চাঁদ ওরফে সোহাগকে কুপিয়ে ও পরে এলোপাতাড়িভাবে পাথর নিক্ষেপ করে নৃশংসভাবে হত্যা করে। এ সময় লাশের ওপর তাদের লাফাতেও দেখা যায়।

সর্বশেষ প্রাপ্ত খবরে জানা গেছে, নিহত সোহাগের পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছে বিএনপি। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে দলটির ভাইস চেয়ারম্যান আলহাজ নুরুল ইসলাম মনি এ সহায়তা প্রদান করেন। রোববার (১৩ জুলাই) বিকেল সাড়ে ৫টার দিকে সোহাগের পৈতৃক বাড়ী বরগুনার পাথারঘাটার কাকচিড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানে এ সহায়তা প্রদান করা হয়। এ সময় বরগুনা জেলা ও উপজেলা বিএনপিসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সহায়তা প্রদানের সময় নিহত সোহাগের স্ত্রী লাকি বেগম এবং ছেলে-মেয়েও উপস্থিত ছিলেন।

এদিকে ব্যবসায়ী সোহাগকে পাথর মেরে নৃশংসভাবে হত্যার ঘটনায় এবং এই ঘটনার সাথে যুবদলের নেতাকর্মীরা জড়িত থাকার ঘটনায় গভীর উদ্বেগ, তীব্র নিন্দা ও ঘৃণা প্রকাশ করে যুক্তরাষ্ট্র বিএনপির নেতারা তাদের প্রতিক্রিয়ায় বলেছেন, বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে আদর্শ নিয়ে বিএনপি প্রতিষ্ঠা করেছিলে, তিনি যে আদর্শ নিয়ে রাজনীতি করতে তা থেকে বর্তমান বিএনপি সড়ে এসেছে বলেই বিএনপি-যুবদলের বিরুদ্ধে আজ নানা অভিযোগ উঠছে। দলয় অদর্শ না মানার কারণে বিএনপি-যুবদল-ছাত্রদলের বিরুদ্ধে খুন-খারাবীর মতো ঘটনা ঘটছে। তারা দলীয় চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে শহীদ জিয়ার আদর্শের বিএনপির রাজনীতি প্রতিষ্ঠান আহ্বান জানিয়ে বলেন, অন্যথায় আজ আওয়ামী লীগের যে অবস্থা হয়েছে, আগামীতে বিএনপিরও সেই অবস্থা হবে।

যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মজিবুর রহমান মজুমদার বলেন, আমরা শহীদ জিয়ার হাত ধরে বিএনপি'র রাজনীতি শুরু করি। প্রবাসেও এসে সেই আদর্শ নিয়ে রাজনীতি করেছি। আমাদের কোন চাওয়া পাওয়া নেই। তবে জিয়াকে ভালোসি বলেই আজো আমরা তাঁর আদর্শের রাজনীতি করি দেশ, জাতির কল্যাণের জন্য, মঙ্গলের জন্য। কোন কিছু পাওয়ার জন্য নয়। কিন্তু যখন বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে খুনখারাবী, চাঁদাবাজীর মতো অভিযোগ উঠে তখন লজ্জা লাগে।

ডাকসু'র সাবেক কর্মকর্তা ও যুক্তরাষ্ট্র বিএনপি'র আরেক প্রতিষ্ঠাতা সদস্য গোলাম মওলা মানিক বলেন, ইচ্ছে ছিলো ব্যাংকার হবো, জিয়ার আহ্বানে রাজনীতিতে নামনাম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসিম উদ্দিন হলে নেতৃত্ব দেয়ার সময় জিয়ার সাথে পরিচয়। তার আদর্শই ছিলো আমাদের রাজনৈতিক আদর্শ। তিনি বলেন, আমরা অনেক কষ্ট করে এই প্রবাসে যুক্তরাষ্ট্র বিএনপিকে প্রতিষ্ঠা করেছি। ডা. মুজিব, এহসানুল হক মিলন আর আমরা কোনদিন তেল মেরে বিএনপি'র রাজনীতি করিনি। আর আজ বিএনপিতে তেল মারার রাজনীতি শুরু হয়েছে বলেই বিএনপি'র রাজনীতি ও আদর্শ সঠিক পথে নেই। তিনি বলেন, বিএনপি'র বিরুদ্ধে দেশে-বিদেশে নানা ষড়যন্ত্র চলছে। বিএনপি যদি তার আদর্শে না চলে তাহলে আগামী দিনে বিএনপি জনবিচ্ছিন্ন হয়ে পড়বে তিনি আশংকা প্রকাশ করেন।

জ্যামাইকায় বাংলাদেশীর

শেষ পৃষ্ঠায় পর

সর্বশেষ হামলার ঘটনা ঘটে। হামলাকারীদের আঘাতে তার মাথা ফেটে যায় এবং তিনি রক্তাক্ত হন। গত ৮ জুলাই মঙ্গলবার রাতে এই ঘটনা ঘটে। এ ঘটনায় কমিউনিটিতে উদ্বেগ বেড়েছে।

জানা গেছে, হিলসাইড এভিনিউ ও ১৬৮ স্ট্রীট-এর 'তাহা ওয়ারলেস'-এর কর্ণধার মোহাম্মদ মাসুম মিয়া ঘটনার দিন রাতে তার ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে হিলসাইড এভিনিউর ১৭৮ স্ট্রীটের ব্যাংক অব আমেরিকা-তে অর্থ জমাদানের জন্য গেলে সেখানে ৩/৪জন অজ্ঞাত যুবক তার পিছু নিয়ে ব্যাংকের এটিএম বুথে প্রবেশ করে। এরপর ১০/১২জন কৃষ্ণাঙ্গ যুবক লাঠি/ছুড়ি নিয়ে হামলার চেষ্টা করে। তখন তিনি দৌড়ে নিকটবর্তী বাসার এপার্টমেন্টে প্রবেশ করলে হামাকারীরা তখনও তারা পিছু নেয় এবং মাথায় আঘাত করে। এর মধ্যেই তিনি ৯১১-এ কল করলে পুলিশ এসে তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়। চিকিৎসা শেষে পরদিন সকালে তিনি বাসায় ফিরে আসেন এবং এখন তিনি বিপদমুক্ত। উল্লেখ্য, দীর্ঘ ১২ বছর ধরে নিউইয়র্কে বসবাসকারী মোহাম্মদ মাসুম মিয়ার দেশের বাড়ী নারায়নগঞ্জ জেলার বন্দর থানায়।

আরো উল্লেখ্য, সাম্প্রতিককালে জ্যামাইকা এলাকায় মাঝে মধ্যেই হামলার ঘটনা ঘটছে বলে এলাকাবাসীরা জানান। গত কয়েক বছরে ছুরিকাঘাতে একাধিক হতাহতেরও ঘটনা ঘটেছে। বিশেষ করে হিলসাইড এভিনিউ ও জ্যামাইকা এভিনিউতে ব্যবসায় জড়িত বাংলাদেশীরা এমন ঘটনায় আতংকগ্রস্ত হয়ে পড়েছেন। জানমালের নিরাপত্তায় তারা স্থানীয় প্রশাসনের সুদৃষ্টির পাশাপাশি পুলিশী টহল জোরদারের দাবী জানিয়েছেন।

ঐকমত্যের বিষয়গুলোর আইনি ভিত্তি নিশ্চিত করতে চায় জামায়াত

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় নির্বাচনের আগে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে চলমান আলোচনায় যেসব বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য হয়েছে, সেসব সিদ্ধান্ত যেন ভবিষ্যতে কেউ এড়িয়ে যেতে না পারে সে জন্য এর আইনি ভিত্তি নিশ্চিত করার দাবি জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

রোববার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় পর্যায়ের বৈঠকের ১২তম দিনের আলোচনায় অংশ নিয়ে এমন মন্তব্য করেন জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের।

তিনি বলেন, এখন পর্যন্ত যেসব বিষয়ে একমত হওয়া গেছে, সেগুলো নিয়ে পরবর্তীতে বিতর্ক না থাকুক, তাই এসবের আইনি কাঠামো থাকা জরুরি। তাহের বলেন, "আইনি ভিত্তি থাকলে কেউ চাইলেও ঐকমত্যে পৌঁছানো বিষয়গুলো পাশ কাটাতে পারবে না। এ প্রসঙ্গটি এখনো আলোচনা হয়নি, তবে আলোচনায় এলে যুক্তি-ভিন্নতা থাকলেও আমরা একটি জায়গায় পৌঁছাতে পারব বলে আশাবাদী।"

রোববারের আলোচনায় মূলত তিনটি বিষয় উঠে আসে প্রধান বিচারপতি নিয়োগ, জরুরি অবস্থা জারি, এবং তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা নির্বাচন।

প্রধান বিচারপতি নিয়োগে জামায়াতের প্রস্তাব ছিল, জ্যেষ্ঠতম বিচারপতিকেই প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ দিতে হবে। তাহের বলেন, "এর ব্যতিক্রম হলে রাজনৈতিক সংশ্লিষ্টতা থাকা কেউ বিচারপতি হওয়ার সুযোগ পাবে যা অতীতে ঘটেছে।" যদিও কিছু রাজনৈতিক দল আপিল বিভাগের শীর্ষ দুই বিচারকের মধ্য থেকে একজনকে বেছে নেওয়ার প্রস্তাব দিয়েছে, তবে তাহেরের মতে, সেটি করতে হলে নির্বাচনী ইশতেহারে উল্লেখ করে জনগণের রায় নিয়ে আইন পরিবর্তনের মাধ্যমে তা করতে হবে।

জরুরি অবস্থার অপব্যবহার বন্ধে জামায়াত প্রস্তাব দিয়েছে, এই ক্ষমতা যেন রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার না হয়। এ বিষয়ে সকল দলের মধ্যে ঐকমত্য হয়েছে বলে জানান তাহের। একইসঙ্গে জরুরি অবস্থার সিদ্ধান্ত যেন এককভাবে নেওয়া না হয় এ জন্য মন্ত্রিসভার অনুমোদন বাধ্যতামূলক করার প্রস্তাবেও একমত হয়েছেন সবাই। এছাড়া, মন্ত্রিসভার বৈঠকে বিরোধী দলের নেতা বা তাঁর অনুপস্থিতিতে সংসদীয় উপনেতা উপস্থিত থাকার বিষয়েও রাজনৈতিক দলগুলো একমত হয়েছে।

নার্সিং হোম কেয়ারগুলোতে প্রকট হচ্ছে কর্মী সংকট

শেষ পৃষ্ঠায় পর

'হিউম্যানিটারিয়ান প্যারোল' প্রোগ্রামের আওতায় কাজ করছিলেন। আরও ৩০ জনকে হারাতে যাচ্ছেন, কারণ হাইতিয়ানদের টিপিএস বাতিল হয়েছে। এতদিন কাজ করে এরা বেশ অভিজ্ঞ হয়ে গেছিলো। এখন তাদের পরিবর্তে নতুন অভিজ্ঞ কর্মী নুন্যতম বেতনে পাওয়া দুরূহ।

যুক্তরাষ্ট্রের শ্রম পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, প্রায় পাঁচজন বেসামরিক কর্মীর একজন অভিবাসী। কিন্তু নার্সিং অ্যাসিস্ট্যান্ট, হোম হেলথ এইড বা কেয়ার অ্যাইড এইসব খাতগুলোতে অভিবাসী কর্মীদের সংখ্যা আরও বেশি। এই খাতের গড় মজুরি কম, কাজ কঠিন, তবু অনেকেই বিশেষত অভিবাসীরা এ কাজে আগ্রহী বেশি।

কোভিডের পর অনেকেই কাজ ছেড়ে দিয়েছিলেন। কিছু কিছু নার্সিং হোম ধীরে ধীরে স্বাভাবিক অবস্থায় ফিরছিল, কিন্তু নতুন করে অভিবাসন সংকটে আবার ধাক্কা খাচ্ছে।

মার্ক সানচেজ নিউ ইয়র্কের একটি নার্সিং হোমের অপারেশন প্রধান, বলছেন, বিদেশ থেকে নার্স আনার জন্য যে ভিসা লাগত, এখন সেটা এত দীর্ঘ প্রক্রিয়া হয়ে গেছে যে অনেকেই কানাডা বা জার্মানিতে চলে যাচ্ছেন।

এদিকে উইসকনসিনের লিডিংএইজ-এর রবিন উলজেনবার্গ জানাচ্ছেন, আফগানিস্তান, ইউক্রেন, সোমালিয়া, কঙ্গো থেকে আসা শরণার্থীদের কাজে লাগিয়ে তারা অনেক ভালো ফল পেয়েছিলেন। এই কর্মীদের ধরে রাখতে পারলেও নতুন কাউকে পাওয়া যাচ্ছে না, কারণ ট্রাম্পের প্রশাসন শরণার্থী গ্রহণও প্রায় বন্ধ করে দিয়েছে।

জুনিপার কমিউনিটিজের প্রতিষ্ঠাতা লিন কাটম্যান বলছেন, এই কাজ সহজ নয়, আয়ও বেশি নয়। কিন্তু অনেক অভিবাসী এটিকে সম্মানের কাজ হিসেবে বেছে নেন। এখন তাদেরও হারানো হচ্ছে।

যখন যুক্তরাষ্ট্রের বয়স্ক জনসংখ্যা বাড়ছে এবং চাহিদাও বাড়ছে, তখন এই সংকট পুরো সিস্টেমকেই হুমকির মুখে ফেলছে। পরিস্থিতির উন্নতি না হলে আগামী দিনে এই সমস্যা আরও গভীর হবে।

হিউম্যান রাইটস

শেষ পৃষ্ঠায় পর

জীবন। এই প্রবলদ্রোহী বন্যার কারণে শতশত ঘরবাড়ী লণ্ডভণ্ড হয়ে উড়ে যায়। বানের পানির সাথে, গবাদি পশুর মৃত্যু সহ খাদ্য শস্য বিনষ্ট হয় সমূলে। আমরা সরকারের আশুদৃষ্টি কামনা করছি যাতে করে বেঁচে থাকা মানুষ ও প্রাণী সম্পদের ভবিষ্যৎ ফিরে পায় আলোর দিশারী।

এছাড়াও বিবৃতিতে ট্রাম্প প্রশাসনের মেডিকেয়ার চাইল্ড কেয়ার, এডাল্ট কেয়ারের মত নিত্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা থেকে সুবিধা বঞ্চিতের বিরুদ্ধে যে অভিযোগ ও 'বিউটিফুল বিল' পাশ করা হয়েছে। এটি 'বিউটিফুল বিল' নয় বরং 'মিনিংলেস বিল'। আমরা এই বিলের বিরুদ্ধে প্রতিবাদ করছি-যাতে বয়ো বৃদ্ধ দরিদ্র জনগণ মৃত্যুর ফাঁদ থেকে বেঁচে থাকতে পারে।

যুক্তরাষ্ট্রে অভিবাসীবিরোধী অভিযানে একজনের মৃত্যু

শেষ পৃষ্ঠায় পর

অভিবাসীদের গণহারে গ্রেপ্তার করে নিজ দেশে ফেরত পাঠানোর পদক্ষেপ নিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর ওই উদ্যোগের অংশ হিসেবে এসব অভিযান চালানো হচ্ছে।

অভিবাসন এজেন্টরা কৃষি খামারটির শ্রমিকদের লক্ষ্যস্থল করেছে কিনা, কর্তৃপক্ষ তা নিয়ে পরস্পরবিরোধী বিবৃতি দিয়েছে। সরকারি হিসাব অনুযায়ী, এই খামারটির প্রায় অর্ধেক শ্রমিকের যুক্তরাষ্ট্রে কাজ করার কোনো বৈধ অনুমতিপত্র নেই।

যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) জানিয়েছে, ওই গাঁজা চাষ ও উৎপাদনকারী খামারটির দুটি স্থানে অভিযান চালিয়ে প্রায় ২০০ জন অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করা হয়। এজেন্টরা খামারটিতে ১০ শিশু অভিবাসীকেও পেয়েছে।

কাস্টমস অ্যান্ড বার্ডার প্রটেকশন কমিশনার রডনি স্কট সামাজিক মাধ্যম এক্সে এক পোস্টে জানিয়েছেন, শিশু শ্রম আইন লঙ্ঘন করার জন্য খামারটির বিরুদ্ধে তদন্ত শুরু করা হয়েছে। তবে ক্যালিফোর্নিয়ার অন্যতম শীর্ষ গাঁজা কোম্পানি গাস হাউস ব্রান্ডস তাদের খামারে হওয়া এই অভিযানের বিষয়ে রয়টার্সের মন্তব্যের অনুরোধে তাৎক্ষণিকভাবে সাড়া দেয়নি।

বৃহস্পতিবার খামারটিতে বিশৃঙ্খল সব দৃশ্য দেখা গেছে। ঘটনাস্থলের ছবি ও ভিডিওগুলো অনুযায়ী, হেলমেট ও মুখোশ পরা ফেডারেল এজেন্টরা ক্ষুব্ধ আন্দোলনকারীদের হটাতে কাঁদানে গ্যাস ও স্মোক ক্যানিস্টার ব্যবহার করেন।

যুক্তরাষ্ট্রের ইউনাইটেড ফার্ম ওয়ার্কার্সের সহসভাপতি এলিজাবেথ স্ট্রেটার জানিয়েছেন, অভিযানের সময় এক ভবনের ৩০ ফুট লম্বা একটি অংশ ধসে পড়ে খামারটির বেশ কয়েকজন শ্রমিক আহত হয়েছিলেন, তাদের মধ্যে একজন শুক্রবার মারা গেছেন। অভিযানের সময় যুক্তরাষ্ট্রের নাগরিকদেরও আটক করা হয়েছে এবং তাদের কয়েকজনের এখনও কোনো খোঁজ নেই বলে অভিযোগ করেছেন স্ট্রেটার।

ডিএইচএস ওই ব্যক্তির মৃত্যুর জন্য তাদের এজেন্টরা দায়ী নয় দাবি করে বলেছে, আইন প্রয়োগকারীরা তাকে অনুসরণ না করলেও সে একটি গ্রিন হাউসের ছাদে উঠে যায় আর সেখান থেকে ৩০ ফুট নিচে পড়ে যায়। এজেন্টরা সঙ্গে সঙ্গে জরুরি চিকিৎসা দল তলব করে তাকে হাসপাতালে পাঠায় বলে জানিয়েছে ডিএইচএস।

এক স্লিপ

হিরিক'। উইকেন্ড শনি-রোববার ছাড়াও উইক ডে-তেও চলছে বনভোজন আয়োজন। এই সপ্তাহের একাধিক সংগঠনের বনভোজনের খবর সম্পাদনা করতে গিয়ে চোখে পড়লো 'বনভোজন উদযাপন কমিটির অমুক-তমুক'। প্রশ্ন হচ্ছে বনভোজন উদযাপন হয়, নাকি আয়োজন বা অনুষ্ঠান হয়! কোনটি? এরকম আরো অনেক অসঙ্গতি। বিষয়গুলো কি সংশ্লিস্টরা ভেবে দেখবেন?

১৩ জুলাই ২০২৫

শিশুসহ আটক ২০০ অভিবাসী

প্রথম পৃষ্ঠার পর

অভিবাসীকে আটক করা হয়েছে। বৃহস্পতিবার কারপিন্টেরিয়া ও কামারিলো এলাকায় এই অভিযান চালায় ফেডারেল কর্তৃপক্ষ।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এক বিবৃতিতে জানায়, কারপিন্টেরিয়া ও কামারিলো শহরের দুটি কৃষি খামারে ফৌজদারি অনুসন্ধান পরোয়ানা কার্যকর করা হয়। আটক অভিবাসীদের মধ্যে অন্তত ১০ জন শিশু ছিল।

ধরপাকড়ের সময় ফার্মে কর্মরতদের সাথে ফেডারেল এজেন্টদের মুখোমুখী অবস্থানে উত্তপ্ত পরস্থিতির সৃষ্টি হয়। এসময় দুই পক্ষের সংঘর্ষে কয়েকজন আহত ও গুলাগুলির ঘটনা ঘটে।

এ ঘটনায় চার ইউএস নাগরিককে পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। এজেন্টদের গুলি চালানোর অভিযোগে এক ব্যক্তির খোঁজে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের পক্ষ থেকে ৫০ হাজার ডলার পুরস্কার ঘোষণা করা হয়েছে।

মামদনীসহ ডেমোক্র্যাটদের তহবিল সংগ্রহে সরব ওবামা

শেষ পৃষ্ঠায় পর

শক্ত করার লক্ষ্যে তহবিল গঠনে ওবামাসহ শীর্ষ নেতারা মাঠে নেমেছেন।

গত শুক্রবার রাতে নিউ জার্সির রেড ব্যাংক শহরে এক বিশেষ আয়োজনে যোগ দেন ওবামা। আয়োজনটি হয়েছিল বিদায়ী গভর্নর ফিল মারফি ও তাঁর স্ত্রী ট্যামি মারফির বাসভবনে। এতে অংশ নিয়েছিলেন ডেমোক্র্যাটদের কেন্দ্রীয় নেতৃত্ব এবং আসন্ন নির্বাচনে গুরুত্বপূর্ণ প্রার্থীরাও।

এই আয়োজনে মূল ফোকাস ছিলেন নিউ জার্সির গভর্নর পদপ্রার্থী মিকি শেরিল, যিনি প্রাথমিক পর্বে ছয় প্রতিদ্বন্দ্বীকে হারিয়ে এগিয়ে আছেন। একইভাবে আলোচনায় ছিলেন নিউইয়র্কের আলোচিত মুখ জোহরান মামদানি, যিনি ডেমোক্র্যাটদের প্রার্থী হিসেবে প্রাথমিক নির্বাচনে বড় ব্যবধানে জয় পেয়েছেন।

এই তহবিল সংগ্রহের আয়োজনে বেশ কয়েকজন ডেমোক্র্যাট শীর্ষ নেতার উপস্থিতি ছিল তাৎপর্যপূর্ণ। বিশেষ করে এমন এক সময় এই আয়োজন হলো, যখন ডেমোক্র্যাটদের কেন্দ্রীয় কমিটিতে নেতৃত্বসংক্রান্ত বিতর্ক চলছে। আয়োজনকারীরা জানান, শুধু নিউ জার্সির নির্বাচনই নয়, গোটা অঞ্চলে দলীয় পুনরুত্থানের লক্ষ্যে এই তহবিল ব্যবহৃত হবে।

সূত্রমতে, এই আয়োজনে এক সন্ধ্যায় সংগ্রহ হয়েছে প্রায় ১৫ লাখ ডলার, যা স্থানীয় নির্বাচনী প্রচারে কাজে লাগানো হবে। আয়োজনে ফিল মারফি নিজের বক্তব্যে একটি সংগঠিত ও শক্তিশালী দল গঠনের আহ্বান জানান এবং তাঁর রাজ্যে বিনিয়োগের গুরুত্ব তুলে ধরেন।

ফিল মারফি একসময় বিদেশে রাষ্ট্রদূতের দায়িত্বে ছিলেন। ওবামার আমলেই তাঁকে এ দায়িত্ব দেওয়া হয়েছিল। সেই অভিজ্ঞতা এবং দলীয় সম্পর্ক কাজে লাগিয়ে তিনি এবার শেরিলের মতো নতুন প্রার্থীদের জয়ের পথে সহায়তা করতে চান।

এদিকে, সাম্প্রতিক জনমত জরিপে ডেমোক্র্যাটদের সম্পর্কে কিছু নেতিবাচক মন্তব্য উঠে এসেছে। অনেক ভোটার মনে করছেন, দলটি বাস্তবতা থেকে কিছুটা বিচ্যুত হয়েছে এবং সাধারণ মানুষ ও শ্রমিক শ্রেণির সঙ্গে তাদের দূরত্ব তৈরি হয়েছে।

এসব সমালোচনা মাথায় রেখেই ওবামা ও তাঁর ঘনিষ্ঠ নেতারা আবার মাঠে নেমেছেন। উদ্দেশ্য একটাই পরবর্তী নির্বাচনের আগে দলকে সংগঠিত, গতিশীল এবং আবারও মানুষের আস্থাভাজন হিসেবে প্রতিষ্ঠা করা।

কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশনের পিকনিকে মিলনমেলা

শেষ পৃষ্ঠায় পর জার্সী, কানেকটিকাট, ফিলাডেলপিয়া, টেক্সাস, ভার্জিনিয়া, মিশিগান ও ওয়াশিংটন ডিসি স্টেটে বসবাসরত প্রায় ১২ শতাধিক কুলাউড়াবাসী পরিবার পরিজন নিয়ে এ পিকনিকে উপস্থিত হোন। সবার উপস্থিতি ব্রঙ্কস ফেরী পার্ক পয়েন্ট পরিণত হয় প্রবাসে এক খন্ড প্রাণের কুলাউড়ায়।

দিনভর এ পিকনিকে আনন্দ আড্ডা, গান, কুইজ, মিউজিক চেয়ার, ফুটবল, ছোট্ট শিশুদের জন্য খেলাধূলা ও বিশেষ পুরস্কার, র‍্যাফেল ড্র সহ নানা রকমের বাঙালি খাবারের আয়োজনে উৎসবমুখর হয়ে ওঠেন যুক্তরাষ্ট্রে বসবাসরত কুলাউড়াবাসী। এছাড়াও এ আয়োজনে এনওয়াইপিডি পুলিশ কর্মকর্তাদের ও প্রবাসী কমিউনিটি বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতি এ আনন্দের মাত্রা আরো বাড়িয়ে তুলে। উপস্থিত সকলকে নাস্তা, দুপুরে মুখরোচক বাঙালি খাবার পরিবেশন করেন পিকনিক আয়োজন কমিটির সদস্যরা। দিনভর কুইজ, খেলাধূলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেয়া হয়। র‍্যাফেল ড্র বিজয়ীদের হাতেও পুরস্কার তুলে দেয়া হয়।

























১৬-১৭-এর পৃষ্ঠায় আরো ছবি দেখুন

ইমিগ্রেশন ক্র্যাকডাউনে বর্ণ বৈষম্যের

প্রথম পৃষ্ঠার পর বাকি ৫৩ শতাংশ মূলত ইমিগ্রেশন, ট্রাফিক আইন ভঙ্গ বা ছোটখাটো অপরাধে অভিযুক্ত।

এদিকে গবেষণায় সম্পৃক্ত কর্মকর্তাদের দাবি, গত মে মাস থেকে দৈনিক ৩ হাজার আটকের টার্গেট দেয়া হয় ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসকে)। এর ফলে আইস রেন্ডম চেকিংও বৃদ্ধি করেছে। এতে অনেক বর্ণ, জাতি বা ভাষার বৈষম্যের শিকার হয়ে সন্দেহজনকভাবে আইসের হাতে আটক ও জিজ্ঞাসাবাদের মুখোমুখি হচ্ছেন অভিবাসী সিটিজেন এবং গ্রীণকার্ডধারীরা।

ক্যাটো ইনস্টিটিউটের হিসাবে, মে মাসের শেষভাগ ও জুনের প্রথম দুই সপ্তাহে দিনে প্রায় ৯০০ অভিবাসীকে আটক করা হয়েছে। যাদের অধিকাংশই অপরাধী দণ্ড প্রাপ্ত না।

যদিও প্রশাসন দাবি করছে, তারা সবচেয়ে ভয়ংকরদের ধরতে মনোযোগী। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের পক্ষ থেকে বলা হচ্ছে, তাদের লক্ষ্য অপরাধী অভিবাসীরা, এবং গ্যাং সদস্য, ধর্ষক, খুনিদের খুঁজে বের করাই এখন প্রধান অগ্রাধিকার। দণ্ডিত বা বিচারাধীন অভিবাসীদের তারা " অবৈধ অপরাধী অভিবাসী" হিসেবে গণ্য করছে।

বিশেষজ্ঞরা বলছেন, এই অভিযানের লক্ষ্যবস্তু হিসেবে অনেক নিরাপরাধ মানুষকেও টার্গেট করা হচ্ছে। ট্রাম্প প্রশাসন অবশ্য মাঝে মাঝে কিছু মারাত্মক অপরাধের উদাহরণ সামনে তুলে ধরছে, যেমন ২০২৪ সালে জর্জিয়ায় ল্যাকেন রাইলি নামের এক নার্সিং শিক্ষার্থীকে হত্যা করার ঘটনায় গ্রেপ্তার হওয়া অভিবাসীর কথা। এই ঘটনার পর "ল্যাকেন রাইলি আইন" পাস করা হয়, যেখানে সহিংস অপরাধে অভিযুক্ত অভিবাসীদের বাধ্যতামূলকভাবে আটক রাখার বিধান রয়েছে।

তবে সামগ্রিকভাবে গবেষণাগুলো বলছে, অভিবাসীরা যুক্তরাষ্ট্রে সহিংস অপরাধ বাড়াচ্ছে না। বরং, মার্কিন নাগরিকদের তুলনায় অভিবাসীদের অপরাধে জড়ানোর হার অনেক কম। জাতীয় অর্থনৈতিক গবেষণা ব্যুরোর ২০২৩ সালের একটি গবেষণা অনুসারে, অভিবাসীদের কারাবরণের হার দেশজ নাগরিকদের চেয়ে ৬০ শতাংশ কম, এবং এই হার ১৯৬০ সাল থেকে ধারাবাহিকভাবে কমছে।

সাউথ ক্যালিফোর্নিয়ার ৫ ব্যাক্তি ও অভিবাসী অধিকার সংগঠনের মামলার প্রেক্ষিতে শুক্রবার ডিস্ট্রিক্ট কোর্টের বিচারক মাআমে ইওশি ম্যানশাহ নির্দেশ দেন যে, জাতি, ভাষা ও বর্ণ দেখে শুধুমাত্র সন্দেহজনকভাবে কাউকে আটক করতে পারবেন আইস ও আইনপ্রয়োগকারী সংস্থা। সুনির্দিষ্ট তথ্য ও ওয়ারেন্ট এর ভিত্তিতে আটক করতে হবে। এ নিষেধাজ্ঞা শুধুমাত্র ক্যালিফোর্নিয়ার সাতটি কাউন্টির লস অ্যাঞ্জেলেস ও আশেপাশের এলাকা আদালতির প্রশাসিত এখতিয়ারের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

লাগামহীন নেতা-কর্মীরা : বিপাকে বিএনপি

৩-এর পৃষ্ঠায় পর স্থগিত করে শাস্তি দেওয়া হয়েছে। তৃণমূল থেকে কেন্দ্রের নেতারাও এই শাস্তির আওতা থেকে রেহাই পাচ্ছেন না। কিন্তু এরপরও দলের নেতা-কর্মীদের অপকর্মের লাগাম টানা সম্ভব হচ্ছে না।

বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতার সঙ্গে আলাপকালে তাঁরা বলেন, দখল, টেন্ডার, চাঁদাবাজির নিয়ন্ত্রণ নিয়ে মূলত নিজেদের মধ্যে দ্বন্দ্বে জড়িয়ে পড়ছেন নেতা-কর্মীরা। এসব দ্বন্দ্ব রূপ নিচ্ছে সশস্ত্র সংঘাতে, ঘটছে প্রাণহানির ঘটনা। স্থানীয় পর্যায়ে আধিপত্য, কমিটিতে পদ-পদবি পাওয়াকে কেন্দ্র করে দ্বন্দ্ব সৃষ্টি হচ্ছে। বিএনপিতে অন্য দলের নেতা-কর্মীর অনুপ্রবেশ এবং দীর্ঘদিন নিষ্ক্রিয় অনেক নেতা-কর্মী আবার সক্রিয় হওয়াও এসব দ্বন্দ্ব-সংঘাতের কারণ বলে মনে করছেন দলের অনেকে।

মিটফোর্ডের ঘটনার রেশ না কাটতেই শুক্রবার রাতে দিনাজপুরের খানসামায় বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে আহত হয়েছেন ২৫ জন। এ সময় ৫০ টির বেশি মোটরসাইকেল ভাঙচুর করা হয়েছে।

সরকারের ভূমিকায় প্রশ্ন বিএনপির: মিটফোর্ডের হত্যাকাণ্ড নিয়ে অন্তর্বর্তী সরকারসহ দায়িত্বশীলদের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে বিএনপি। দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান গতকাল রাজধানীতে এক অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে বলেন, 'আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ করেছি, যাকে আমরা স্ক্রিনে দেখেছি, যে হত্যা করছে, তাকে কেন সরকার এখন পর্যন্ত গ্রেপ্তার করেনি? আমরা কি তবে ধরে নেব, যারা বিভিন্নভাবে মব সৃষ্টি করে একটি পরিস্থিতি সৃষ্টি করতে চাচ্ছে, সেখানে সরকারের কোনো প্রচ্ছন্ন প্রশ্রয় আছে? প্রশাসনের কোনো প্রশ্রয় আছে?'

তারেক রহমান আরও বলেন, 'ষড়যন্ত্র কিন্তু এখনো শেষ হয়ে যায়নি। আমি ৮-৯ মাস আগেই বলেছি, অদৃশ্য শত্রু আছে। ধীরে ধীরে দৃশ্যমান হচ্ছে সেই অদৃশ্য শত্রু। ষড়যন্ত্র আরও জোরেশোরে শুরু হচ্ছে।'

সোহাগ হত্যাসহ বিভিন্ন হত্যাকাণ্ডের ঘটনার তদন্ত করে প্রকৃত অপরাধীদের শাস্তির ব্যবস্থা করতে অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরও। গতকাল এক অনুষ্ঠানে সরকারের উদ্দেশে তিনি বলেন, 'একটা কথা পরিষ্কার করে বলতে চাই, যে ঘটনাগুলো ঘটছে, সরকারকে আহ্বান জানাব, দ্রুত তদন্ত করে প্রকৃত যারা অপরাধী তাদেরকে বের করে শাস্তির ব্যবস্থা করুন। অন্যথায় জাতি আপনাদের ক্ষমা করবে না, জাতি আপনাদের দায়ী করবে গণতন্ত্রের পথে ফিরিয়ে নেওয়ার সময় এসব সমস্যা সৃষ্টি করার জন্য।'

মিটফোর্ড হত্যাকাণ্ডসহ সমসাময়িক ঘটনা নিয়ে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলন করে যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদল। সোহাগ হত্যা মামলার মূল আসামিদের গ্রেপ্তার না করা ও মামলার এজাহার থেকে মূল তিন আসামিকে বাদ দেওয়ার ঘটনাকে 'রহস্যজনক' বলে আখ্যা দেন সংগঠন তিনটির নেতারা।

সংবাদ সম্মেলনে 'বিশেষ গোষ্ঠী নির্বাচন বিলম্বে ষড়যন্ত্র করছে' এমন অভিযোগ করে যুবদলের সভাপতি মোনায়েম মুন্না বলেন, 'বিএনপি ইতিমধ্যে দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনতে সরকার ও প্রশাসনকে অসংখ্যবার অনুরোধ করেছে। কিন্তু সরকার ও প্রশাসন এ ক্ষেত্রে মারাত্মকভাবে ব্যর্থ হচ্ছে। আমরা মনে করি, সরকার পরিকল্পনামাফিক প্রশাসনকে নিষ্ক্রিয় করে রেখেছে, যাতে দেশে অরাজক পরিস্থিতি বিদ্যমান থাকে এবং এই অজুহাতে জাতির দীর্ঘ প্রত্যাশিত জাতীয় নির্বাচন বিলম্বিত করা যায়।'

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, বিএনপি একটি বৃহৎ পরিবার। কোন ছিদ্রপথ দিয়ে দু-একজন দুষ্কৃতকারী ঢুকে পড়ে, সব সময় সে খোঁজ রাখা যায় না। কিন্তু দুষ্কৃতকারীদের কোনোভাবে যদি চিহ্নিত করা যায়, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কার্পণ্য করেন না দল বা দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

বিশ্লেষকেরা যা বলছেন: বিরাজমান পরিস্থিতিতে বিএনপির কাছে আরও 'দায়িত্বশীল ভূমিকা' প্রত্যাশা করেছেন রাজনৈতিক বিশ্লেষকেরা। বিএনপির নেতা-কর্মীদের নানা অপকর্ম বৃদ্ধির কারণ হিসেবে দলটির নেতৃত্বের দুর্বলতার কথাও তুলেছেন তাঁদের কেউ কেউ। একই সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন তাঁরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক রাজনৈতিক বিশ্লেষক মোহাম্মদ মজিবুর রহমান বলেন, 'বিএনপিকে আরও দায়িত্বশীল আচরণ করতে হবে। আমার মনে হয়, অনেক সময় গেছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের এখন দেশে আসা উচিত। দেশে এসে তাঁর শক্তভাবে দলের হাল ধরা উচিত।'

একই সঙ্গে সরকারের সমালোচনা করে অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান আরও বলেন, 'আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধীর বিচার ও শাস্তির দায়িত্ব সরকারের, কোনো দলের নয়। বিএনপি দল হিসেবে নেতা-কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে, বহিষ্কার করছে এবং তাঁদের বিচারের জন্য সরকারকে বলছে। তারা যদি ব্যবস্থা না নিত, তাহলে বলা যেত, বিএনপি ব্যবস্থা নিচ্ছে না। কিন্তু সরকার নিজেদের দায়িত্ব পালন করতে পারছে না। এ বিষয়ে তারা সম্পূর্ণভাবে ব্যর্থ। তাদের যোগ্যতা, দক্ষতা ও দায়বদ্ধতা নেই।'

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের সাবেক অধ্যাপক দিলারা চৌধুরী এ বিষয়ে বলেন, 'বিএনপির লোকজন অপকর্ম করছে না, তা নয়। তবে সে জন্য দল থেকে ব্যবস্থাও নেওয়া হচ্ছে। কিন্তু সরকারের তো দায়িত্ব আছে। তাদের তো নড়াচড়া দেখি না। সেনাবাহিনীর ম্যাজিস্ট্রেসি পাওয়ার আছে; তাদেরও কোনো ভূমিকা নেই। এ থেকে মনে হচ্ছে, কোথাও কোনো ষড়যন্ত্র থাকতে পারে।'

একযোগে স্টেট ডিপার্টমেন্টের ১৩৫০ কর্মীকে ছাঁটাই

প্রথম পৃষ্ঠার পর হয়, সংশ্লিষ্ট কর্মীদের পদ "বিলুপ্ত" হয়ে গেছে এবং বিকেল ৫টার মধ্যে তাদের দপ্তরের সদর দফতরে প্রবেশাধিকার, অফিস ইমেইল এবং শেয়ার ড্রাইভসহ সব অফিস সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে।

ফরেন সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে ছাঁটাই কার্যকর হবে ১২০ দিনের প্রশাসনিক ছুটির শেষে। আর সিভিল সার্ভেন্টদের জন্য নির্ধারণ করা হয়েছে ৬০ দিনের সময়সীমা।

সিএনএন'র প্রতিবেদনে বলা হয়, গত মে মাসে কংগ্রেসকে পাঠানো এক বার্তায় স্টেট ডিপার্টমেন্ট জানিয়েছিল, তারা দেশীয় কর্মীদের মধ্যে থেকে সর্বোচ্চ ১,৮৭৩ জনকে ছাঁটাই করতে পারে। এছাড়া আরও প্রায় ১,৫৭৫ জন স্বেচ্ছায় দপ্তর ছাড়বেন বলে ইঙ্গিত দিয়েছিলেন।

ট্রাম্প প্রশাসনের ব্যাপক ছাঁটাই ও পুনর্গঠন পরিকল্পনা সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায়ের পর বাস্তবায়নের পথ পুরোপুরি উন্মুক্ত হয়ে গেছে।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রী মার্কো রুবিও বৃহস্পতিবার বলেন, এমন বড় ধরনের পুনর্গঠন অতীতে কেউ করলে যেভাবে করত, তার চেয়ে "আরও পরিকল্পিতভাবে" এই ছাঁটাই বাস্তবায়ন করা হয়েছে।

পররাষ্ট্র দপ্তরের জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, বাজেট সাশ্রয়ের লক্ষ্যে নেওয়া এই পদক্ষেপে কত টাকা সাশ্রয় হবে, সে বিষয়ে নির্দিষ্ট সংখ্যা বলা না গেলেও আগামী অর্থবছরের বাজেট প্রস্তাবে "গুরুত্বপূর্ণ পরিমাণে সাশ্রয়ের প্রতিফলন থাকবে"।

তিনি আরও বলেন, এই কর্মী ছাঁটাইয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে "ব্যক্তিকে নয়, কাজকে" কেন্দ্র করে। অর্থাৎ যেসব কাজ ভবিষ্যতে দপ্তরের কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলে বিবেচিত হয়েছে, সেসব কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়েছে ড় এবং স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট পদও বিলুপ্ত করা হয়েছে।

ছাঁটাইয়ের প্রভাব পড়েছে ওয়াশিংটন ডিসিতে কর্মরত সিভিল সার্ভিস এবং ফরেন সার্ভিস, উভয় বিভাগের কর্মকর্তাদের ওপর। ফরেন সার্ভিস কর্মকর্তারা সাধারণত বহু ভাষায় দক্ষ এবং যুক্তরাষ্ট্রের হয়ে বিশ্বের নানা প্রান্তে সেবা দিয়ে থাকেন। যাঁরা এমন দপ্তরে কাজ করছিলেন যা গত ২৯ মে রুবিও অনুমোদিত পুনর্গঠন পরিকল্পনার আওতায় বিলুপ্ত হয়েছে, তাঁরাই চাকরিচ্যুত হচ্ছেন।

এই পুনর্গঠনকে কেন্দ্র করে আমেরিকার বৈদেশিক কার্যক্রমে দীর্ঘমেয়াদে প্রভাব পড়তে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা। যুক্তরাষ্ট্রের বৈশ্বিক উপস্থিতি এবং কূটনৈতিক সক্ষমতা কতটা ক্ষতিগ্রস্ত হবে, তা সময়ই বলে দেবে। তবে প্রশাসনের অবস্থান পরিষ্কারভাবে ঢেলে সাজানো ও রাষ্ট্রীয় ব্যয় সাশ্রয়ই এখন তাদের মূল লক্ষ্য।

শুদ্ধি অভিযানে বিএনপি: নজরদারিতে তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত

৩-এর পৃষ্ঠায় পর ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা।

একই সুরে কথা বলেন চেয়ারপারসনের উপদেষ্টা সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল। তিনি বলেন, বিএনপি এখন রাষ্ট্র পরিচালনার দায়িত্বে নেই, ফলে এসব অপরাধ বা সহিংসতা নিয়ন্ত্রণে সরকারের দায়িত্বই সবচেয়ে বেশি। দলের কেউ যদি অপরাধে জড়ায়, তার বিরুদ্ধে শাস্তিমূলক সাংগঠনিক পদক্ষেপ নেওয়া হচ্ছে। অন্যদিকে, যারা প্রশাসনের দায়িত্বে থেকেও নিষ্ক্রিয় থাকবেন, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়ার দাবি জানান তিনি।

গণ-অভ্যুত্থান ও সরকারের পতনের ডাকের সঙ্গে সঙ্গে দলটির অভ্যন্তরেও কড়াকড়ি জারি হয়েছে। আলাল জানান, দলের কিছু নেতাকর্মীর গতিবিধি মনিটর করা হচ্ছে। তাদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি চলছে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেন, আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব সরকারের, কিন্তু সেখানে চরম গাফিলতি দেখা যাচ্ছে। তিনি সরকারের প্রতি আহ্বান জানান, সন্ত্রাসী, দখলদার ও চাঁদাবাজদের বিরুদ্ধে পুলিশকে সুনির্দিষ্ট নির্দেশনা দিতে হবে। প্রয়োজনে বিএনপি সরকারকে সহযোগিতা দিতেও প্রস্তুত।

এদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে আগামী কয়েকদিনব্যাপী দেশব্যাপী বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে বিএনপির অঙ্গসংগঠনগুলো। জাতীয়তাবাদী যুবদল, স্বেচ্ছাসেবক দল এবং ছাত্রদলভুক্তিনটি সংগঠনই রাজধানীসহ দেশের প্রতিটি জেলা ও মহানগরে আলাদা আলাদা কর্মসূচি পালন করবে। রাজধানীতে এসব কর্মসূচি শুরু হবে নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে, শেষ হবে শাহবাগ পর্যন্ত মিছিলের মাধ্যমে।

দলের ভেতর-বাহির দুই দিক থেকেই চাপ মোকাবিলায় এখন স্পষ্টতই এক নতুন কৌশলে এগোচ্ছে বিএনপি যেখানে একদিকে অভ্যন্তরীণ শুদ্ধি অভিযান, অন্যদিকে সরকারের বিরুদ্ধে সংগঠিত রাজনৈতিক প্রতিরোধ গড়ে তোলাই লক্ষ্য।

সমঝোতা ছাড়াই শেষ হলো ঢাকা-ওয়াশিংটন বৈঠক

৩-এর পৃষ্ঠায় পর চুক্তি-তর্কে আলোচনা করেছে, সম্পূর্ণ একমত হতে পারেনি কয়েকটি বিষয়ে। দুইপক্ষই এই সিদ্ধান্তে পৌঁছেছে যে নিজেদের মধ্যে আন্তঃমন্ত্রণালয় আলোচনা করতে হবে। তারপর আবার দুইদেশের প্রতিনিধিরা আলোচনায় বসবেন। সেই আলোচনা ভার্চুয়ালি এবং সামনা-সামনি- দুই প্রক্রিয়াতেই হতে পারে। খুব দ্রুত সেই সময় ও তারিখ নির্ধারিত হবে বলে ধারণা করা হচ্ছে। জানা গেছে, বাণিজ্য উপদেষ্টার নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল দেশে ফিরছে। প্রয়োজন হলে এর মধ্যে তারা আবার যাবেন। তিনদিনের আলোচনার প্রেক্ষিতে বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন ও নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান আশাবাদী যে, নির্ধারিত সময়ের মধ্যে একটি ইতিবাচক অবস্থানে পৌঁছানো যাবে।

যুক্তরাষ্ট্রের শুল্ক শর্তের চাপে বাংলাদেশ: এদিকে অতিরিক্ত গোপনীয়তা, সাফল্যের আশাবাদ এবং আরও আলোচনার উপর জোর দিয়ে শুক্রবার ওয়াশিংটন ডিসিতে শেষ হয় যুক্তরাষ্ট্র-বাংলাদেশ তিনদিনব্যাপী ট্যারিফ আলোচনা। অধিকাংশ ইস্যুতে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র একমত হয়েছে জানিয়ে চুক্তিতে পৌঁছানোর জন্য বাংলাদেশের পক্ষ থেকে নিরবচ্ছিন্ন আশাবাদ ব্যক্ত করা হলেও ট্যারিফ আলোচনার তৃতীয় ও শেষ দিনে কোনোরকম ঐকমত্য ছাড়াই শেষ হয়েছে বাংলাদেশের বাণিজ্যবিষয়ক হাই-ভোল্টেজ মিশন। ওয়াশিংটন ডিসি'র বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার গোলাম মোর্তজা মানবজমিন'র সঙ্গে আলোচনায় জানান, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের বাণিজ্য টিমের মধ্যে চলমান তিনদিনব্যাপী আলোচনা শেষ হয়েছে। আরও আলোচনার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছে উভয়পক্ষ, যা খুব শিগগিরই শুরু হবে। প্রেস মিনিস্টার বলেন, নতুন আলোচনা কি মুখোমুখি হবে না কি ভার্চুয়ালি তা তখন পর্যন্ত সিদ্ধান্ত হয়নি। তিনদিনের ট্যারিফ আলোচনায় যুক্তরাষ্ট্র-বাংলাদেশ অধিকাংশ বিষয়ে একমত হয়েছে বলে সরকারের তরফ থেকে প্রতিদিনই জানানো হয়েছে, ঠিক কোন কোন বিষয়ে ঐকমত্য হয়নি বা যুক্তরাষ্ট্রের আপত্তি জানতে চাইলে প্রেস মিনিস্টার বলেন, এ বিষয়েগুলো প্রকাশ্যে আলোচনার জন্য ট্রাম্প প্রশাসন থেকে বারণ আছে, কারণ যুক্তরাষ্ট্র তার জাতীয় স্বার্থ বিবেচনায় একেক দেশের সঙ্গে একেক নিয়মে আলোচনা করছে- যা খুবই স্পর্শকাতর এবং গোপনীয়। এদিকে বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয়ের এক নীতি-নির্ধারণী সূত্রে জানা গেছে, যুক্তরাষ্ট্র চায় যে 'মেইড ইন বাংলাদেশ' লেবেল পেতে হলে বাংলাদেশে প্রস্তুত পোশাকপণ্যে ন্যূনতম ৪০% স্থানীয় মূল্য সংযোজন থাকতে হবে। তিনি বলেন, শুল্ক আলোচনার মূল সংকট হলো 'রুলস অব অরিজিন', যার অধীনে মার্কেটে প্রবেশে ৪০% স্থানীয় মূল্য সংযোজন প্রয়োজন। এর পেছনে যুক্তরাষ্ট্রের উদ্বেগ হলো বাংলাদেশ চীনা কাঁচামালের ওপর অতিরিক্ত নির্ভরশীল, যা চীনের অর্থনৈতিক প্রভাব হ্রাসে আমেরিকার বৃহত্তর কৌশলের অংশ। এ ছাড়া শ্রম অধিকার বিশেষ করে অনানুষ্ঠানিক এবং সাব-কন্ট্রাক্টিং পদ্ধতিতে পরিচালিত গার্মেন্ট কারখানাগুলোতে শিশুশ্রম নির্মূলে কিছু অগ্রগতি সত্ত্বেও বেশ কিছু অবশিষ্ট ঝুঁকি রয়ে গেছে, যা নিয়ে যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের অস্বস্তি রয়েছে। বাংলাদেশ যুক্তরাষ্ট্রের তৃতীয় বৃহত্তম পোশাক রপ্তানিকারক দেশ এবং দেশের মোট রপ্তানি আয়ের ৮০ শতাংশ ও জিডিপি'র ১০ শতাংশই আসে তৈরি পোশাক খাত থেকে। যুক্তরাষ্ট্রের ইন্টারন্যাশনাল ট্রেড কমিশন-এর মতে, ২০২৫ সালের প্রথম পাঁচ মাসে যুক্তরাষ্ট্রে বাংলাদেশ থেকে পোশাক আমদানির পরিমাণ দাঁড়িয়েছে ৩.৩৮ বিলিয়ন ডলার, যা আগের বছরের একই সময়ের তুলনায় ২১ শতাংশ বেশি। বিশেষজ্ঞদের ধারণা, ১লা আগস্টের আগে চুক্তিতে না পৌঁছালে বর্তমান শর্তে যুক্তরাষ্ট্রের বাজারে ৩৫ শতাংশ ট্যারিফ নিয়ে বাংলাদেশের পোশাক শিল্প বিশেষ করে ওভেন পোশাকের রপ্তানি মারাত্মক ঝুঁকিতে পড়বে।

সত্য প্রকাশ করলে ক্ষমা পাবেন

৫-এর পৃষ্ঠায় পর মামুনকে অভিযোগ পড়ে শোনানো হয়। তারপর তাঁকে জিজ্ঞাসা করা হয়, তিনি দোষ স্বীকার করবেন কি না। মামুন দোষ স্বীকার করেন এবং বলেন, তিনি সংশ্লিষ্ট অপরাধসমূহ এবং অপরাধ সংঘটনে জড়িত প্রত্যেক ব্যক্তির সম্পর্কে তাঁর জানা সব তথ্য প্রকাশ করতে ইচ্ছুক।

আদেশে বলা হয়, অভিযুক্তের আইনজীবী একটি আবেদন দাখিলের মাধ্যমে তাঁকে ক্ষমা করার জন্য অনুরোধ করেন। চিফ প্রসিকিউটর অভিযুক্তকে ক্ষমা করার প্রস্তাবে সম্মত হন এই শর্তে যে তিনি সঠিক তথ্য পূর্ণাঙ্গ প্রকাশ করবেন। কারণ, এই ধরনের প্রকাশ অপরাধের বিচারের জন্য সহায়ক হবে। অভিযুক্ত চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে ক্ষমা করা হবে, যদি তিনি অপরাধের সঙ্গে জড়িত সব ব্যক্তি সম্পর্কে তাঁর জানা সব তথ্য সত্যভাবে প্রকাশ করেন। মামুন শর্তগুলো মেনে নিয়েছেন। ট্রাইব্যুনাল তাঁকে সুবিধাজনক সময়ে সাক্ষী হিসেবে জিজ্ঞাসাবাদের জন্য ডাকবেন।

লিখিত আদেশে আরও বলা হয়, অভিযুক্ত চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে নিরাপত্তার স্বার্থে অন্যান্য বন্দীর থেকে আলাদা করে কারাগারে রাখার নির্দেশ দেওয়া হচ্ছে।

অভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় গত বৃহস্পতিবার সাবেক আইজিপি মামুনসহ ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হয়। মামলায় তাঁদের বিরুদ্ধে পাঁচটি অভিযোগ আনা হয়।

অভিযোগ গঠনের সময় জুলাইয়ে মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকার কথা স্বীকার করে ট্রাইব্যুনালে বক্তব্য দেন আবদুল্লাহ আল-মামুন।

জুলাই বিপ্লবের গণহত্যার চিত্র প্রদর্শনী ৩ আগষ্ট নিউইয়র্কে







শেষ পৃষ্ঠায় পর আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানানো হয়। 'প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র চেয়ারম্যান আবদুল কাদেরের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন 'জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান বর্ষপূর্তি উদযাপন কমিটি'র আহ্বায়ক আবদুস সবুর সহ জাকির হাওলাদার, এ এস এম রহমতউল্লাহ, দেলোয়ার হোসেন শিপন, হাছান সিদ্দিকী প্রমুখ।

'প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র চেয়ারম্যান আবদুল কাদেরের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন 'জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান বর্ষপূর্তি উদযাপন কমিটি'র আহ্বায়ক আবদুস সবুর সহ জাকির হাওলাদার, এ এস এম রহমতউল্লাহ, দেলোয়ার হোসেন শিপন, হাছান সিদ্দিকী প্রমুখ। পওে তারা উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সংবাদ সম্মেলনে 'প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র উদ্যোগের প্রতি সংহতি জানাতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- মুক্তিযোদ্ধা ফরহাদ আহম্মেদ, ইকনা'র সোশ্যাল জাস্টিস ডিরেক্টর ড. মাহতাব উদ্দিন, বাংলাদেশী-আমেরিকান এডভোকেসী গ্রুপ'র সাধারণ সম্পাদক শাহানা মাসুম, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী এবিএম গনি, ড. ফরহাদ হোসেন, কলামিস্ট তাহের ফারুকী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মোশাররফ হোসেন সবুজ, প্রফেসর সাঈদ আজাদ, হাজি আনোয়ার হোসেন, রওশন হক, সালেহ উদ্দিন মানিক, মোহাম্মদ জসিম, লুৎফর রহমান লাতু, খলকুর রহমান, আতিকুল হক আহাদ, মঞ্জুর মোরশেদ প্রমুখ।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, ২০২৪ সাল অর্থাৎ গত বছরের জুলাই মাসে বাংলাদেশে সংঘটিত স্বৈরাচারবিরোধী আন্দোলনে ছাত্র-জনতা, শ্রমজীবী মানুষ ও প্রবাসীরা সক্রিয়ভাবে অংশ নেন। এই আন্দোলন ছিল একটি পূর্ণাঙ্গ বিপ্লব, যার চেতনা দেশের সর্বস্তরের মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে। ফ্যাসিস্ট স্বৈরাচার শেখ হাসিনার পতনের মাধ্যমে আন্দোলনটি ৫ আগস্ট পূর্ণতা লাভ করে। এর মাধ্যমে শুরু হয় একটি নতুন অধ্যায়- নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নযাত্রা। সেই স্বপ্ন বাস্তবায়নের জন্য 'জুলাই বিপ্লবের' চেতনাকে ধরে রাখতে হবে।

'প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র নেতৃবৃন্দ বলেন, জুলাই বিপ্লবে শহীদদের আত্মত্যাগের প্রতি যথাযোগ্য শ্রদ্ধা জানানো এবং তাদের স্মৃতিকে সম্মানিত করার দায়িত্ব দেশ-বিদেশের সব বাংলাদেশীর। একইসঙ্গে তারা বিপ্লবে নিহতদের হত্যার দ্রুত বিচার এবং আহতদের সুচিকিৎসা, পুনর্বাসন ও কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে অন্তর্বর্তী ও ভবিষ্যৎ সরকারের প্রতি দাবী জানান এবং প্রবাসে জুলাই বিপ্লবের প্রথম বার্ষিকী সফল করতে প্রবাসীদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

বিপুল উৎসাহে বৃহত্তর ময়মনসিংহবাসী ইউএসএ'র বনভোজন

শেষ পৃষ্ঠায় পর বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, দেশীয় খাবারে মধ্যাহ্ন ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, শুভেচ্ছা বক্তব্য, র‍্যাফেল ড্র, বিকেলের নাস্তা প্রভৃতি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডাঃ সায়েরা খাতুন এবং বিশেষ অতিথি ছিলেন এম এ মতিন ও ডাঃ নাহিদ খান।

চমৎকার আবহাওয়ায় বনভোজনের দিন সকালে বিপুল সংখ্যক প্রবাসী ময়মনসিংহবাসী সপরিবারে বাসযোগে ভ্যালী স্ট্রীম ষ্টেট পার্কে পৌছে মিলিত হন। এছাড়াও আমন্ত্রিত অতিথি সহ আরো অনেকে প্রাইভেট কারযোগে বনভোজনস্থলে পৌছেন। ফলে বনভোজন প্রাঙ্গণ ময়মনসিংহবাসীদের মিলনমেলায় পরিণত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি এম বারী (বাদল) এবং পরিচালনা করেন বনভোজন আয়োজন কমিটির সদস্য সচিব মাহবুব কবির বাবু ও সংগঠনের সাধারণ সম্পাদক শাহ্ নেওয়াজ জামান সান্ত। প্রধান উপদেষ্টা হাফিজুর রহমানের নেতৃত্বে মোহাম্মদ নাসির উদ্দিন, বনভোজন আয়োজন কমিটির আহ্বায়ক ইঞ্জিনিয়ার মোঃ ফজলুল হক, এম এ বারী, পৃষ্ঠপোষক মাহবুবুর রহমান লিটন, মাহবুব কবির বাবু, শাহ্ আলম, মশিউর রহমান, নূর মোহাম্মদ ফয়সাল, সৈয়দ ওয়াহিদ উল্লাহ, মহিবুর রহমান জুয়ল, আব্দুল হালিম, মাহবুব রহমান প্রমুখ উদ্বোধনী করেন।

এছাড়াও বনভোজন কমিটির প্রধান সমন্বয়কারী মোহাম্মদ নাছির উদ্দিন, সমন্বয়কারী নুরফয়সাল মনি ও প্রচার সম্পাদক মোহাম্মদ শামীম হোসেন অন্যান্য কর্মকর্তারা অতিথি ও অংশগ্রহণকারীদের স্বাগত জানান।















ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল ***আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ***। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এই কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মতো এই সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

২০২৫ এর জন্য এইচএইচ স পোভার্টি গাইডলাইন :

১ মার্চ ২০২৫ থেকে-২০২৫ এর পোভার্টি গাইডলাইন কার্যক্রম হয়েছে। একজন ব্যক্তি বা পরিবার কতিপয় সরকারি সুবিধা পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণ করা হয় পোভার্টি গাইডলাইন দিয়ে। ইমিগ্রেশনের ক্ষেত্রে এসব গাইডলাইন খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে ফ্যামিলি স্পনসরশীপ এবং এফিডেভিট অফ সাপোর্টের ক্ষেত্রে।

ইউএস সিটিজেন অথবা পার্মানেন্ট রেসিডেন্ট যারা তাদের পরিবারের সদস্যদের জন্য স্পন্সর করতে চান তাদের উপাজন অবশ্যই ফেডারেল নির্ধারিত পোভার্টি গাইড লাইন অনুযায়ী হতে হবে।

ইউএসএ'র সশস্ত্র বাহিনীতে কর্মরতদের স্পাউস (স্বামী/স্ত্র) এবং সন্তানদের জন্য আবেদন করতে ১০০ ভাগ হাউজহোল্ড

পোভার্টি গাইড লাইনঃ

পরিবারের সদস্য সংখ্যা পোভার্টি গাইড লাইন
পরিবারে সদস্য সংখ্যা ২ জন = ২১,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৩ জন =২৬,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৪ জন = ৩২,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৫ জন = ৩৭,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৬ জন = ৪৩,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৭ জন = ৪৮,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৮ জন = ৫৪,১৫০- ডলার

পরিবারের সদস্য সংখ্যা ৮ জনের অধিক হলে বাড়তি প্রত্যেকের জন্য অতিরিক্ত ৫,৫০০ ডলার যোগ করতে হবে।

অন্যান্য স্পন্সরদের জন্য ২০২৫ সালের পোভার্টি গাইড লাইন ঃ

উল্লেখ্য যে, ইউএস সিটিজেন অথবা আইনসংগত পার্মানেন্ট যারা তাদের কোন পারিবারিক সদস্যকে পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে স্পন্সর করতে চান, তাদের উপার্জন অবশ্যই ফেডালের পোভার্টি গাইড লাইন লেবেলের ১২৫ শতাংশের সমান কিংবা তার বেশি হতে হবে।

অন্যান্য স্পন্সরদের জন্য ২০২৫ সালের পোভার্টি গাইড লাইনঃ

পরিবারের সদস্য সংখ্যা পোভার্টি গাইড লাইন
পরিবারে সদস্য সংখ্যা ২ জন = ২৬,৪৩৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৩ জন = ৩৩,৩১২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৪ জন = ৪০,১৮৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৫ জন = ৪৭,০৬২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৬ জন = ৫৩,৯৩৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৭ জন = ৬০,৮১২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৮ জন = ৬৭,৬৮৭ ডলার

পরিবারের সদস্য সংখ্যা ৮ জনের অধিক হলে প্রত্যেকের জন্য অতিরিক্ত ৮,৮৭৫ ডলার যোগ করতে হবে।

ভিসা বুলেটিনে দ্বৈত চার্টঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক এবং চাকুরিভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল অ্যাকশন হিসেবে ব্যবহৃত হয়। এই চার্টটিকে চার্ট এ বলা হয়। এই ক্যাটাগরিতে একজন আবেদনকারীর গ্রীন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাৎকারের জন্য চূড়ান্তভাবে ফাইল করার লক্ষ্যে। এই চার্টটিকে সাধারণত চার্ট 'বি' বলা হয় প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ।

চার্ট 'বি' ভিসা হচ্ছে ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়া ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইটে প্রতিমাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকুরি ভিত্তিক ও অগ্রাধিকারের উভয় চার্টই প্রকাশ করা হয়ে থাকে।

প্রতি সপ্তাহে এই বিভাগে ভিসা বুলেটিন প্রকাশ করা হয়। আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে মাঝে মধ্যে ভিসা বুলেটিনের দ্বৈত চার্ট প্রকাশ করা হয়।

জুলাই ২০২৫ ভিসা বুলেটিন :

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

জুলাই ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে ।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয় যে কোন চূড়ান্ত পদক্ষেপ গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

আলো-ছায়াহীন, মায়াহীন এই জনপদে
ফারুক ফয়সল

আমাদের শহরগুলি একদা বৃক্ষ অরণ্য বেষ্টিত সবুজ ছায়াময় ছিল
পাথরকুচির উপর পিচ ঢালা রাস্তা, দুই সারে সারিবদ্ধ শাল মেহগনি
উঠোন জোড়া আম কাঁঠাল লিচু জাম ছাতার ছায়া ধরে থাকতো
টিনের চালে আলো ও উষ্ণতা ঢেলে দিত মাথার উপরের সূর্য

আমাদের দেশটা ক্রমেই আলোহীন, ছায়াহীন হয়ে পড়ছে
একদা যারা মানুষ ছিল, মায়া ভরা হৃদয় ছিল, মমতা ছিল
বুকের গভীরে ভালোবাসার প্রশস্ত হৃদয় ছিল
সেইসব বুকের ওম নিত টেনে একে অন্যের দুঃখ কাতরতা

জীবিত যারা, প্রাণের সাড়া আছে, উচ্ছ্বাস নেই, নেই প্রাণাবেগ
একদা এই জনপদে ঘর ঘর ছিল আত্মীয়তার বাস।
আজ সবই উপরি-উপরি, কাগুজে, স্বার্থ ভাগাভাগির সম্পর্ক
এদেশে এখন আকছার জীবিত মানুষের পাশে মৃত মানুষের রাজনীতি!

আলোহীন ঘরে বিদ্যুৎ এসেছে সত্য, অন্ধকার সরেনি ঘরের, মনের
কপাটের ওপাশে দাবী দাওয়ার মিছিল হাঁটে রামদা হাতে,
হিস হিস শব্দে বাতাস কেটে ছুটে আসে আকস্মিক বুলেট
জন উন্নয়নের রাজনীতির নামে বিস্ফোরিত গ্রেনেড কেড়ে নেয় জনতার প্রাণ!

বৃষ্টিমুখর বিকেলে উন্নয়নশীল হাত
আবু আফজাল সালেহ

বৃষ্টিমুখর এক বিকেলে
তোমার হাত নেমে এসেছিল
আমার হাতে।

উন্নয়নশীল হাত মিশে গিয়ে
রংধনু হয়েছিল।

আমার স্ত্রীর অসুস্থতা কালে
দিলীপ কির্ত্তুনিয়া

আমার স্ত্রীর অসুস্থতা কালে
প্রয়োজন হয়েছিল
একটি অনিবার্য অপারেশনের।
সেই অপারেশন করতে গিয়ে
খুব ঝুঁকি ছিল। আর প্রয়োজন হয়ে পড়েছিল
অতিরিক্ত রক্তের-- ওর ব্লাড গ্রুপ 'বি'।
অপারেশনের আগে এক ব্যাগ রক্ত।
অপারেশনের মধ্যে রক্ত প্রস্তুত রাখা।
এবং অপারেশনের পরেও রক্তের সম্ভাবনা।
সব ছিল থরে থরে সাজানো
মজবুত ব্যবস্থাপনা।
সব ছিল মুসলিমের রক্ত!
যে ব্যাগ তাকে দেয়া হয়েছিল
যে ব্যাগ তাকে দিতে হবে বলে প্রস্তুত ছিল
সবই আমার ধর্মের কারো নয়
সবই মুসলিমের-- ভিন্ন ধর্মের মানুষের!

আমার স্ত্রীর অপারেশন সফল হয়।
আমার স্ত্রী বেঁচে যায়।
আমার স্ত্রী এখন বহাল তবিয়তে!

আমার স্ত্রী মন্দিরে যায়
সাঁঝ সন্ধ্যা দেয়
প্রতি দিন পূজায় বসে
এই মুসলমান সুহৃদের রক্ত শরীরে বহন করে
সে বেঁচে আছে মানুষ হয়ে
তার জাত আজও যায় নি।

রমণীরা
দ্বীপ সরকার

কোকিল ডাকলে ঘুম ভাঙ্গে আমার, এ কথা কেমন
করে জানলো পাখিরা। আমের মুকুরে আমার
এলার্জি, এ কথা কাউকে বলিনি কোন দিন। অথচ,
সরল বলে যাদের আশ্রয় দিয়েছি আমাদের
শিরিষবনে-তারাই ঘুম ভাঙাচ্ছে আমার। তারাই
জবরদস্ত ফুঁ দিয়ে তছনছ করে যাচ্ছে আম কুড়ানীদের
খোঁপা। আম কুড়ানীরা আমার পূর্বপুরুষদের রেখে
যাওয়া রমণী।

বৈশাখি মেলার এক কোণায় যথেষ্ট চোখ রেখে
দিয়েছে কবিরা। নীল ঘুড়ির ডানায় পত পত করে ছিঁড়ে
দিচ্ছে যৈবতী হাওয়া। নীলঘুড়িটা গুঞ্জন খুললে-
আমার হেরে যাবার ভয়। আমি মুলত নীলঘুড়িতেই
বারবার ভয় পাই-আমার রমণীরা যদি উড়ে যায়।





নাগরিক কবিতা
আইনাল হক

বৃষ্টিস্নাত বৈদ্যুতিক খুঁটির গা বেয়ে নামে সভ্যতার বিলাপ
একে একে হারিয়ে যায় অনুরক্ত দিন
কেবল বিদগ্ধ স্মৃতিরা খেলা করে সুনিবিড় ছায়াতলে
পাটাতনে বসে দোল খায় ভাবনার জগৎ
রোদ-বৃষ্টির সন্ধিক্ষণে উঁকি মারে বহুজাতিক প্রেম
রঙিন মোড়কে ফেরি চলে বিগত জনরোষের ফিরিস্তি
সস্তা চেতনা মুখথুবড়ে পড়ে থাকে গণতন্ত্রের খানাখন্দে
হা-হুতাশে ছন্দবদ্ধ হয় নাগরিক কবিতা,
তখন অকবিরাও কবি হয়ে ওঠার দিবাস্বপ্ন দ্যাখে

প্রিয়তমের ছোঁয়ায়
ফজিলা ফয়েজ

প্রিয়তমের গায়ের গন্ধ শুকিয়েছি
সূক্ষ, ঐশ্বরিক সুগন্ধের নির্যাস অব্যক্ত ভালোবাসা নিঃশব্দে বিরাজ করে।
ঠোঁটের উষ্ণতায় পাগল করা নেশা।
প্রতিটি নিশ্বাসের ঘ্রাণ সমুদ্রের হাওয়ার মত সারা শরীর মনকে আলিঙ্গন করে।
প্রিয়তমের আলতো ছোঁয়ায় বুকের জমিন কম্পিত হয় ওলোট পালোট হয়ে যায়
মাথার আঁচড়ানো চুল।
ঢেউ তোলা বুকে ভাজে ভাজে রেখে যায় কথা।
হৃদয় খোঁজে তাকে বারবার অনিবার।
তার আঙ্গুল ছুঁয়ে ছুঁয়ে দিলে কবিতা হয় তপ্ত নিঃশ্বাস।
ভোরের কুয়াশা ভেদ করে ফুটে ওঠে রোদ্দুর।
জীবনের প্রান্তরজুড়ে ফুটে ওঠে আগুনের জোৎস্না।

কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশনের পিকনিকে মিলনমেলা























কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশনের পিকনিকে মিলনমেলা




























মামদানীকে ঠেকাতে বিলিয়ন ডলারের তহবিল!

প্রথম পৃষ্ঠার পর সঙ্গে সাবেক গোয়েন্দা বো ডিটল প্রায় ১০ মিলিয়ন ডলার সংগ্রহের পরিকল্পনা করছেন। তাঁদের একটাই লক্ষ্য এই ছেলেটাকে থামাতেই হবে!

গত মাসের ডেমোক্রেটিক পার্টির প্রার্থী বাছাইয়ে সবাইকে চমকে দিয়ে সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোকে হারিয়ে দেন মামদানি। এরপর থেকেই নিউইয়র্কের ধনীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ে একজন সমাজতন্ত্রী যদি সিটি হল দখল করে বসেন, তবে ব্যবসাবান্ধব নীতিগুলো ধসে পড়বে।

এই অবস্থায় 'জেপি মরগ্যান চেজ'-এর সিইও জেমি ডাইমন এক বক্তব্যে মামদানিকে 'মার্ক্সবাদী' বলে আখ্যা দিয়েছেন এবং তাঁর নীতিমালাকে বাস্তবতা বিবর্জিত আদর্শিক আবোল-তাবোল হিসেবে উল্লেখ করেছেন।

তবে কৌশলগতভাবে মামদানিকে কীভাবে পরাজিত করা হবে, তা এখনো স্পষ্ট নয়। রাজনৈতিক পরামর্শদাতারা বলছেন, বিরোধী শিবিরের প্রচারণা বিশৃঙ্খল ও নেতিবাচক, যা উল্টো ভোটারদের মনে সন্দেহ জাগাতে পারে। কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এস্টার ফুকস বলছেন, মানুষ সহজ সমাধান খোঁজে জটিল সমস্যার জন্য। কিন্তু ভোটারদের আস্থা ছাড়া অর্থ খরচ করে লাভ নেই। এদিকে মামদানি নিজেও ব্যবসায়ী নেতাদের সঙ্গে সম্পর্ক গড়ে তুলছেন। তিনি নিউইয়র্ক সিটির করপোরেট সংগঠন 'পার্টনারশিপ ফর নিউইয়র্ক সিটি'-এর একটি অনুষ্ঠানে অংশ নেবেন। এই সংগঠনের সদস্য হিসেবে রয়েছে সিটি গ্রুপ, মরগ্যান স্ট্যানলি, এমনকি জেপি মরগ্যান চেজের মতো প্রতিষ্ঠানও।

ডেমোক্রেটিক টিকিট পেলেও মামদানিকে মোকাবিলা করতে এখনো মাঠে আছেন বর্তমান মেয়র এরিক অ্যাডামস, সাবেক ইউএস অ্যাটর্নি জিম ওয়ালডেন, অ্যান্ড্রু কুমো ও রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া। তাঁদের মধ্যে ডেমোক্র্যাট-দলীয় কুমো ও অ্যাডামস কেউই এখনো প্রার্থিতা প্রত্যাহার করেননি। ফলে ঐক্যবদ্ধ বিরোধী জোট গঠনেও জটিলতা তৈরি হয়েছে।

ভাড়ার ওপর নিয়ন্ত্রণ, নগর পরিচালিত গ্রোসারি দোকান প্রতিষ্ঠা মামদানির এই ধরনের প্রতিশ্রুতিগুলো শহরের ধনী শ্রেণির কাছে উদ্বেগের কারণ হয়ে উঠেছে। মামদানি বিরোধী প্রচারণার অংশ হিসেবে অ্যাডামস সম্প্রতি ম্যানহাটনে এসএল গ্রিনের একটি রুফটপ অনুষ্ঠানে অংশ নিয়ে এক মিলিয়ন ডলার সংগ্রহ করেছেন। এখানে উপস্থিত ছিলেন টিভি ব্যক্তিত্ব ড. ফিল, যিনি স্পষ্ট বলেন, 'বিনা মূল্যে কিছুই নয়, বন্ধু!'

শেষ পর্যন্ত মামদানির বিরুদ্ধে কারা প্রার্থী হবেন বা কে হবেন তাঁর মুখ্য প্রতিদ্বন্দ্বী, তা এখনো অনিশ্চিত। তবে নিশ্চিতভাবে বলা যায়, নিউইয়র্কে এই মেয়র নির্বাচন হতে যাচ্ছে ইতিহাসের সবচেয়ে ব্যয়বহুল ও উত্তেজনাপূর্ণ রাজনৈতিক লড়াইগুলোর একটি।

অবৈধ অভিবাসীদের দ্রুত বিতাড়নের

প্রথম পৃষ্ঠার পর এই বাড়তি বাজেট ব্যবহার করে তারা আরও জোরালোভাবে অভিবাসনবিরোধী অভিযান পরিচালনা করবেন।

তিনি বলেন, প্রেসিডেন্টের রয়েছে জনগণের ম্যান্ডেট রাস্তাঘাট নিরাপদ করা এবং কমিউনিটিকে সুরক্ষিত রাখাই এখন প্রধান লক্ষ্য। অভিবাসন ইস্যুতে ট্রাম্প প্রশাসনের বিভিন্ন সিদ্ধান্ত যেমন জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলের চেষ্টা, অভিবাসীদের তৃতীয় দেশে পাঠানো এবং সম্প্রতি ক্যালিফোর্নিয়ায় চালানো হঠাৎ অভিযান সবই এই বৃহৎ নীতির অংশ বলে মন্তব্য করেন নোয়েম।

তবে এইসব অভিযানের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন একটি ফেডারেল আদালতের বিচারক। শুক্রবার লস অ্যাঞ্জেলেসে পরিচালিত এক অভিবাসন রেইডে সন্দেহভাজনদের যথাযথ কারণ ছাড়াই আটক করার অভিযোগে আদালত ডিএইচএস-এর কার্যক্রমে স্থগিতাদেশ জারি করেন। আদালত ডিএইচএস-কে নির্দেশ দেয়, তারা যেন এ ধরনের ভিত্তিহীন আটক কার্যক্রম অব্যাহত না রাখে।

এই প্রশ্নের মুখোমুখি হয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রী ক্রিস্টি নোয়েম বিচারপতিকে 'মূর্খ' বলে আখ্যা দেন এবং বলেন যে আদালতের সিদ্ধান্ত তাদের কোনো কার্যক্রমে প্রভাব ফেলবে না। তাঁর মতে, মাঠে অভিযান পরিচালনা করা তাদের অধিকার এবং তারা আইনের সীমা ভাঙেননি।

হোয়াইট হাউস থেকেও আদালতের রায় নিয়ে ক্ষোভ প্রকাশ করা হয়। এক বিবৃতিতে বলা হয়, একজন ফেডারেল বিচারপতির পক্ষে অভিবাসন নীতি নির্ধারণ করা সম্ভব নয়, এটি কেবলমাত্র কংগ্রেস ও প্রেসিডেন্টের এখতিয়ারভুক্ত। আদালতের এই সিদ্ধান্তকে বলা হয়েছে 'বিচার বিভাগের সীমার বাইরে গিয়ে হস্তক্ষেপ'।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
